ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ فِيْهِ

"এই গ্রন্থে (কোনই) সন্দেহ নাই"

قرآن مجید مترجم

মূল: আরবী ও উহার বাংলা উচ্চারণ ও তফছীরসহ

বঙ্গানুবাদ

কোরআন শরীফ

৭ম পারা—অএজা-ছামেউ

মোহাম্মদ নকীব উদ্দীন খাঁ

কর্ত্তৃক

অনুবাদিত ও সঙ্কলিত

৫নং হাজী লেন, কলিকাতা—১৪।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

প্রকাশক—
মিনার কোম্পানী
৫নং হাজী লেন, কলিকাতা—১৪।

আত্ম-কথা

এছলামের মূলগ্রন্থ কোরআন শরীফের তেলাওৎ ও উহার মর্ম্ম অবগত হওয়া প্রত্যেক মুছলমান নর-নারীর প্রতি এজন্য ফরজ যে, উহার শিক্ষাগ্রহণ ব্যতিরেকে মানব কখনই মানব-পদবাচ্য এবং খোদার করুণালাভের অধিকারী হইতে পারে না।

বঙ্গীয় মুছলমান জনসাধারণের মধ্যে কোরআনের শিক্ষাপ্রচারের আবশ্যকতা যে কতখানি, জাতি ও ধর্ম্মের নামে বিগলিতপ্রাণ সুধী সজ্জন ছাড়া তাহা বুঝতে চেষ্টা করেন আর কয়জন? দীনাতিদীন আমরা, অতি ক্ষুদ্র শক্তি লইয়া এহেন অসাধ্য-সাধনে অগ্রসর হইয়াছি—একমাত্র আল্লা করুণার প্রতি নির্ভরশীল হইয়া।

ইত্যাগ্রে কোরআনের দু-একখানি পূর্ণ-অপূর্ণ বঙ্গানুবাদ প্রকাশিত হইলেও দরিদ্র দেশ-বাসীর পক্ষে উহার ক্রয় বাস্তবিকই সহজসাধ্য নহে। তাহা ছাড়া বাংলায় আরবী কোরআনের "উচ্চারণ-বৈশিষ্ট্যের পরিচয়" আমাদের অনুবাদিত কোরআন ভিন্ন আর কোনটীতেই নাই;—ইহা আবহমানকালের যে একটী গুরু অভাবের পূরণ, একথা কে অস্বীকার করিবে? দয়াময় আল্লার অনুগ্রহে ভবিষ্যতে ইন্‌শা-আল্লাহ্ এ-কার্য্যে আমরা দ্রুত অগ্রসর হইতে পারিব বলিয়া আশা করি।

হিন্দুস্থানের গণ্যমান্য মোহাদ্দেছ ও মোফাচ্ছেরগণের, বিশেষতঃ ভারতের সর্ব্বশ্রেষ্ঠ আলেম ও কামেল হজরত মওলানা হাজী হাফেজ ও কারী শাহ্ মোহাম্মদ আশরফ আলী থানবী এবং সামছোল ওলামা হাফেজ ডেপুটী নজীর আহ্‌মদ ছাহেবের উর্দ্দু তরজমার ভাব, মর্ম্ম ও ধারার এবং কুত্রাপি হজরত মওলানা শাহ রফীউদ্দিন ছাহেবের তরজমার সাহায্য গ্রহণ করা হইয়াছে।

মানুষের ভ্রম, ত্রুটী ও বিচ্যুতি অস্বাভাবিক নহে। অতএব কোন সূক্ষ্মদর্শী হৃদয়বান বিবেচক ভ্রাতার চক্ষে উচ্চারণ, অর্থ বা টীকায় কোনও কিছু ভুল, ত্রুটী বা বিচ্যুতি পরিদৃষ্ট হওয়ার সঙ্গে সঙ্গে অনুগ্রহপূর্ব্বক তাহা আমাদিগকে জানাইলে বিশেষ বাধিত ও সংশোধনের পক্ষে সচেষ্ট হইব। আমরা উচ্চারণ সম্বন্ধে সুহৃদবর্গের মূল্যবান অভিমতের দ্বারা উপকৃত হওয়ার একান্তই অভিলাষী।

মাদপুর,
পোঃ, সরিষা, ২৪-পরগণা

বিনীত—
মোহাম্মদ নকীব উদ্দীন খাঁ

Printed at : Paradise Press.
10, Sandel Street, CALCUTTA.

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَإِذَا سَمِعُوا مَا أُنْزِلَ إِلَى الرَّسُولِ تَرَىٰ أَعْيُنَهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ

অএজা- ছামেউ মা— ওনৃযেলা এলার্‌রাছুলে তারা— আ'ইয়োনাহুম্ তাফীদো মেনাদ্দামএ
আর যখন (কোরআন) শ্রবণ করে যাহা (আমার) রছুল (মোহাম্মদ)-এর উপর নাজেল হইয়াছে
(তখন হে সম্বোধিত !) তুমি উহাদের চক্ষুগুলি দেখিয়া থাক সেগুলি হইতে অশ্রু বহিতেছে

مِمَّا عَرَفُوا مِنَ الْحَقِّ ۚ يَقُولُونَ رَبَّنَا آمَنَّا فَاكْتُبْنَا

মেম্মা- আরাফূ মেনাল্‌-হাক্‌কে, ইয়্যাকূলুনা রাব্বানা— আ-মান্না- ফাক্‌তোব্‌না-
এজন্য যে উহারা হককে চিনিয়া লইয়াছে, (কোরআন শ্রবনান্তে) উহারা প্রার্থনা নিবেদন করিতে
থাকে—হে আমাদের পালক আমরা ঈমান আনিয়াছি অতএব আমাদিগকে লিপিবদ্ধ করুন

مَعَ الشَّاهِدِينَ ○ وَمَا لَنَا لَا نُؤْمِنُ بِاللَّهِ وَمَا جَاءَنَا

মাআশ্‌শা-হেদীন্। অমা- লানা লা- নো'মেনো বিল্‌লা-হে অমা- জা—আনা-
(হক দীনের) সাক্ষ্যদাতাদিগের সঙ্গে। আর আমাদের কি (মস্তিষ্ক বিকৃতি) ঘটিয়াছে যে আমরা
ঈমান আনি না আল্লার প্রতি আর তৎপ্রতি যাহা আমাদের নিকট পৌঁছিয়াছে

مِنَ الْحَقِّ ۙ وَنَطْمَعُ أَنْ يُدْخِلَنَا رَبُّنَا مَعَ

মেনাল্‌ হাক্‌কে' অ নাত্‌মায়ো আঁই ইয়্যোদ্‌খেলানা- রাব্বোনা- মাআল্‌-
হক হইতে অথচ আমরা লোভ রাখি যে আমাদের পালনকারী আমাদিগকে দাখিল করেন

الْقَوْمِ الصَّالِحِينَ ○ فَأَثَابَهُمُ اللَّهُ بِمَا قَالُوا جَنَّاتٍ تَجْرِي

ক্বাওমেছ্‌ ছা-লেহীন্। ফাআছা-বাহোমোল্লা-হো বেমা- ক্বা-লূ জান্না-তেন্ তাজ্‌রী
তাঁহার পুণ্যাত্মা বান্দাগণের সহিত (বেহেশ্‌তে লইয়া)। অপিচ উহাদের এই (প্রকার) উক্তির
ছওয়াবে প্রদান করিলেন আল্লাহ্‌ উহাদিগকে (বেহেশ্‌তের এরূপ) বাগান সকল—প্রবাহিত রহিয়াছে

مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ۚ وَذَٰلِكَ جَزَاءُ الْمُحْسِنِينَ ○

মেন্ তাহ্‌তেহাল্‌-আন্‌হা-রো খা-লেদীনা ফীহ-। অজা-লেকা জাযা—ওল্‌-মোহ্‌ছেনীন্।
তাহার নিম্নে বহু নদী (আর উহারা) উহাতে (চির) চিরবাসী হইবে, আর (শুদ্ধ মনে) সৎকার্য্য-
কারীদিগের ইহাই বিনিময়। (৩১)

৫ / ৯১ / ১ / রুকু

وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا أُولَٰئِكَ أَصْحَابُ الْجَحِيمِ ○

অল্‌লাজীনা কাফারূ অকাজ্জাবূ বেআ-ইয়্যা-তেনা- উলা—একা আছ্‌হা-বোল্‌-জাহীম্ ৫
আর যাহারা (দীন-এছলামের) মোন্‌কের এবং আমার আয়তগুলিকে মিথ্যা জানিয়াছে ইহারাই দোজখী।

(৩১) হাবশের বাদশাহ নাজাশী এবং নাজাশী-দরবারস্থ লোকদিগের উদ্দেশে অত্রকার আয়তগুলি নাজেল হয়। নাজাশী ও তাহার দরবারস্থ লোক সকলেই নাছারা ছিল। কথা হইতেছে এই যে, নবীয়ে আখেরোজ্জামান হজরত মোহাম্মদ মোস্তফা (দঃ) এছলাম-প্রচারে ব্রতী হইলে, হজরত মোহাম্মদের গোত্রভুক্ত কোরেশ সম্প্রদায় (এছলাম-প্রচারের ফলে) তাহাদের পৈত্রিক ধর্মের ক্ষতির আশঙ্কায়

৪৩

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تُحَرِّمُوا طَيِّبَاتِ مَا

ইয়া—আয়্‌ইয়োহাল্লাজীনা আ-মানূ লা- তোহার্‌রেমূ ত্বয়্‌ইয়েবা-তে মা—

মুছলমানগণ! (নিজেদের পক্ষে) হারাম করিওনা (সেই সকল) পাক বস্তু যাহা

أَحَلَّ اللَّهُ لَكُمْ وَلَا تَعْتَدُوا ۚ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ

আহাল্লাল্লা-হো লাকুম্ অলা- তা'তাদূ। ইন্নাল্লা-হা লা- ইয়োহেব্বোল্

আল্লাহ তোমাদের জন্য হালাল করিয়াছেন আর তোমরা সীমা অতিক্রম(ও) করিও না, কারণ আল্লাহ্ ভালবাসেন না

الْمُعْتَدِينَ ۝ وَكُلُوا مِمَّا رَزَقَكُمُ اللَّهُ حَلَالًا طَيِّبًا ۚ

মো'তাদীন্। অকোলূ মেম্মা- রাযাকাকোমোল্লা-হো হালা-লান্ ত্বয়্‌ইয়েবাঙ্—

সীমা অতিক্রমকারীদিগকে। আর আল্লাহ্ তোমাদিগকে যে হালাল পাক রুজী) অর্থাৎ খাদ্য, আসবাবপত্র ও ধন-দৌলৎ) প্রদান করিয়াছেন তাহা (নিঃসন্দেহে) ভোগ কর

মহা ক্রুদ্ধভাবাপন্ন হইয়া উঠে। এছলাম-প্রচার-কার্য্য হইতে প্রতিনিবৃত্ত রাখিতে কোরেশ দল হুজুরকে বহু ভয়-ভীতি প্রদর্শন করা সত্ত্বেও হবিবে-খোদা একমাত্র খোদা-ভরসায় তদীয় নির্দ্দেশ প্রচারে অণুমাত্রও পশ্চাৎপদ হন নাই ; ফলে প্রত্যহ যখন দুই একজন করিয়া এছলামের শান্তিময় ক্রোড়ে আশ্রয় লইতে থাকে, তখন অনন্যোপায় হইয়া কোরেশ দল হজরত মোহাম্মদ (দঃ) ও তাঁহার দলস্থ মুছলমানদিগের বিরুদ্ধে অন্যান্য দলকেও উত্তেজিত করে। তৎফলে সকলে একজোট, একমত হইয়া পাকে-প্রকারে মুছলমানদিগকে নানাপ্রকারে কষ্টদিতে শুরু করে। হজরত মোহাম্মদ (দঃ)-এর পিতৃব্য আবুতালেব হুজুরের সহায় ছিলেন। ইনি ছিলেন কোরেশ দলের মধ্যে বিখ্যাত ধনি। বিরুদ্ধ দল হজরত রছুলে-খোদার প্রতি কোনপ্রকার দুর্ব্যবহার করিতে সক্ষম না হইলেও উহাদের অত্যাচারে মুছলমানগণ অতিষ্টপ্রায় হইয়া পড়েন ; অথচ রছুলে-খোদার তখন এ-শক্তি ছিলনা যে, সমবেত বিরুদ্ধ দলের অত্যাচার হইতে মুছলমানদিগকে আবশ্যক সাহায্য করিতে পারেন। হুজুর অনন্যোপায় হইয়া তখন মুছলমানদিগকে হাবশের সরলান্তঃকরণ, সুবিচারী, প্রজাবৎসল নাজাশী বাদশার রাজ্যে (অর্থাৎ হাবশে) গমন করিতে নির্দ্দেশ দেন।

হুজুরের নির্দ্দেশ ক্রমে প্রথম দফায় একাদশ জন পুরুষ ও চারিজন স্ত্রীলোক হাবশে চলিয়া যান। ইহাদের মধ্যে হজরত রছুলে-খোদার ছাহেবজাদী (অর্থাৎ কন্যা) হজরত রোকেয়াহ্ এবং তদীয় স্বামী হজরত ওছমান (তৃতীয় খলিফা) এবং হুজুরের ফুপারা ভ্রাতা হজরত জোবেরও ছিলেন।

দ্বিতীয় দফায় রছুলে-খোদার চাচারা ভ্রাতা হজরত জাফর, একদল মুছলমান পুরুষ ও মুছলমান নারী সমভিব্যবহারে হাবশ গমন করেন। নারী এবং শিশু ছাড়া মোট বিরাশী জন মুছলমান পুরুষ হাবশে জিয়ারৎ করেন। কোরেশগণ তথায়ও মুছলমানদিগকে শান্তিতে বাস করিতে দেয় নাই, তাহারা বাদশাহ্ নাজাশীকে জানাইয়া দিল,—"ইহারা বেদীন, আপনার দেশে কলহ সৃষ্টিই ইহাদের আগমনের মূল উদ্দেশ্য ইহারা আপনাদের হজরত ঈছাকে মান্য করে না।"

বাদশাহ্ নাজাশী তদীয় আশ্রিত মুছলমানদিগকে আহ্বান করিল। হজরত জা'ফর মুছলমান-গণের নেতৃত্বভাবে গ্রহণ করতঃ রাজ-দরবারে উপস্থিত হন। ইনি পবিত্র কোরআনের কয়েকটী ছুরা, বিশেষ করিয়া ছুরা মরিয়ম আবৃত্তি করতঃ বাদশাহকে নিজেদের আকীদার (ধর্ম্মমতের) বিষয় বুঝাইয়া দেন। বাদশাহ্ (দরবারসহ) কালাম এলাহী শ্রবণে কাঁদিয়া ফেলে এবং এছলামকেই জগতের সত্য ধর্ম্ম বলিয়া বিশ্বাস করে। অবশেষে বাদশাহ্ নাজাশী এছলাম ধর্ম্ম গ্রহণ করে।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَاتَّقُوا اللّٰهَ الَّذِيْٓ اَنْتُمْ بِهٖ مُؤْمِنُوْنَ ۝ لَا يُؤَاخِذُكُمُ اللّٰهُ

অত্তাকোল্লা-হাল্লাজী— আন্তম বেহী- মো'মেনূন্। লা- ইয়্যোআ-খেজোকোমোল্লা-হো

আর যে আল্লার প্রতি তোমরা বিশ্বাসী তাঁহাকে ভয় করিতে থাকিও। আল্লাহ্ তোমাদিগকে ধরিবেন না (৩২)

بِاللَّغْوِ فِيْٓ اَيْمَانِكُمْ وَلٰكِنْ يُّؤَاخِذُكُمْ بِمَا

বিল্-লাগ্‌বে ফী— আয়্‌মা-নেকুম্ অলা-কেঁই-ইয়্যোআ-খেজোকুম্ বেমা-

তোমাদের কছম (শপথ)গুলির মধ্যে যাহা অনিচ্ছাকৃত তজ্জন্য কিন্তু আল্লাহ্ তোমাদিগকে ধরিবেন যে বিষয়ে

عَقَّدْتُّمُ الْاَيْمَانَ ۚ فَكَفَّارَتُهٗٓ اِطْعَامُ عَشَرَةِ

আক্‌কাৎতোমোল্-আয়্‌মা-না, ফাকা-ফ্‌ফা-রাতো—হূ এত্ব্‌আ-মো আশারাতে

তোমরা পরিপক্ক কছম খাও (এবং তৎপর তাহারা উল্টা কর), তদবস্থায় তাহার (পরিপক্ক কছম ভঙ্গ করা) কাফ্‌ফারা ভোজন করানো দশজন

مَسٰكِيْنَ مِنْ اَوْسَطِ مَا تُطْعِمُوْنَ اَهْلِيْكُمْ اَوْ كِسْوَتُهُمْ

মাছা-কীনা মেন্ আওছাত্বে মা- তোত্ব্‌এমূনা আহ্‌লীকুম্ আও্ কেছ্‌অতোহুম্

(নিঃস্ব) ফকীরকে মধ্যম রকমের যদ্রূপ তোমরা নিজেদের পরিবারবর্গকে ভোজন করাইয়া থাক অথবা উহাদিগকে (দশজন নিঃস্ব ফকীরকে) বস্ত্রদান করা

اَوْ تَحْرِيْرُ رَقَبَةٍ ۭ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلٰثَةِ

আও্ তাহ্‌রীরো রাক্কাবাহ্। ফামাঁল্-লাম্ ইয়্যাজ্জেদ্ ফাছেইয়্যা-মো সালা-সাতে

কিম্বা একজন কয়েদীকে কারামুক্ত করণ, অপিচ যাহার (এগুলির কোনটীর) সাধ্য না থাকিবে তবে রোজা (রাখিবে) তিন

اَيَّامٍ ۭ ذٰلِكَ كَفَّارَةُ اَيْمَانِكُمْ اِذَا حَلَفْتُمْ ۭ وَاحْفَظُوْٓا

আয়্যাম্যা-ম্। জা-লেকা কাফ্‌ফা-রাতো আয়্‌মা-নেকুম্ এজা-- হালাফ্‌তুম্। অহ্‌ফাজু--

দিবস, ইহা তোমাদের কছমের কাফ্‌ফারা যখন তোমরা হলফ করিবে এবং) তাহা ঠিক রাখিতে না পারিবে), আর (তোমরা) লক্ষ্য রাখিবে

اَيْمَانَكُمْ ۭ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ

আয়্‌মা-নাকুম্। কাজা-লেকা ইয়্যোবায়্যেনোল্লা-হো লাকুম্ আ-ইয়্যা-তেহী-

নিজেদের কছমগুলির (পূরণ পক্ষে), এইরূপে আল্লাহ্ নিজের নির্দ্দেশগুলি তোমাদের জন্য খোলসা-ভাবে বর্ণনা করিতেছেন

---

(৩২) "তোমাদের কছমগুলির মধ্যে যাহা অনিচ্ছাকৃত", অর্থাৎ যে কছম ইচ্ছাপূর্ব্বক খাওয়া হয় না, হঠাৎ মুখ দিয়া বহির হইয়া পড়ে। ২য় পারা ১২শ রুকুতেও এবম্প্রকার কছমের বিষয় উক্ত আছে।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ۝ يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّمَا الْخَمْرُ

লাআল্লাকুম্ তাশ্কোরূন্ ইয়্যা—আয়্ইয়্যোহাল্-লাজীনা আ-মানূ ইন্নামাল্-খাম্রো
যাহাতে তোমরা (তাঁহার) শোকর-গোজারী কর (অর্থাৎ তিনি তোমাদিগকে "আদব" শিক্ষা দিতেছেন)। মুছলমানগণ। ইহা ব্যতীত নহে যে মদ্য

وَالْمَيْسِرُ وَالْاَنْصَابُ وَالْاَزْلَامُ رِجْسٌ مِّنْ

অল্-মায়্ছেরো অল্-আন্ছা-বো অল্-আয্লা-মো রেজ্ছোম্ মেন্
এবং জুয়া এবং ঠাকুরের থান ও "ফাল-এর তীর (এগুলির প্রত্যেকটীই) নাপাক

عَمَلِ الشَّيْطٰنِ فَاجْتَنِبُوْهُ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ۝ اِنَّمَا

আমালেশ্শায়্ত্বা-নে ফাজ্তানেবূহো লাআল্লাকুম তোফ্লেহূন্। ইন্নামা-
শয়তানী কার্য্যের অন্তর্গত অতএব (তোমরা) উহা হইতে আত্মরক্ষা করিয়া চলিও যাহাতে তোমরা নাজাত পাও। ইহা ভিন্ন নহে

يُرِيْدُ الشَّيْطٰنُ اَنْ يُّوْقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَآءَ

ইয়্যোরীদোশ্-শায়ত্বা-নো আঁই-ইয়্যুকেআ বায়্নাকোমোল্-আদা-অতা অল্-বাগ্দ্বা—আ
শয়তান ত এই ইচ্ছা করে যে তোমাদের (পরস্পরের) মধ্যে শত্রুতা ও হিংসা লাগাইয়া দেয়

فِى الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُدَّكُمْ عَنْ ذِكْرِ اللّٰهِ وَعَنِ الصَّلٰوةِ ۚ

ফিল্-খাম্রে অল্-মায়্ছেরে অ-ইয়্যাছোদ্দাকুম্ আন্ জেক্রিল্লা-হে অ আনেছ্ছালা-তে,
মদ্য ও জুয়া দ্বারা আর তোমাদিগকে আল্লার স্মরণ হইতে ও নামাজ হইতে আবদ্ধ রাখে,

فَهَلْ اَنْتُمْ مُّنْتَهُوْنَ ۝ وَاَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَاحْذَرُوْا ۚ فَاِنْ

ফাহাল্ আন্তুম্ মোন্তাহূন। অ আত্বীউল্লা-হা অ আত্বীউর্রাছুলা অহ্জারূ, ফাইন্
অতএব (শয়তানের ফন্দী সম্বন্ধে অবগতিলাভের পরও ঐ ঐ কার্য্য হইতে) তোমরা কি প্রতিনিবৃত্ত থাকিবে (কিম্বা থাকিবে না) (৩৩) আর (তোমরা) আল্লার হুকুম মানিও এবং রছুলের হুকুম মানিও আল্লাহ্ ও আল্লার রছুলের না-ফর্ম্মানী হইতে) ভয় করিয়া চলিও, অপিচ যদি

تَوَلَّيْتُمْ فَاعْلَمُوْٓا اَنَّمَا عَلٰى رَسُوْلِنَا الْبَلٰغُ الْمُبِيْنُ ۝

তাঅল্লায়্তুম্ ফা'লামূ— আন্নামা- আলা- রাছূলেনাল্-বালা-গোল্ মোবীন্।
তোমরা (হুকুম মান্য হইতে) ঘুরিয়া দাঁড়াও তবে জ্ঞাত থাকিও যে আমার রছুলের জেম্মা ত (আমার নির্দ্দেশগুলিকে) সুস্পষ্টভাবে পৌছিয়া দেওয়া এইমাত্র (অতএব মান্য না করিলে তোমরা নিজেদেরই ক্ষতি করিবে)।

(৩৩) আরববাসীগণের রীতি ছিল যে, তাহারা তীরের দ্বারা কোর্’আর কাজ লইত। তীরের দ্বারা জুয়া খেলিত, আর তীরের দ্বারা উহাদের হার-জিত নিরূপিত হইত। এতদ্দেশেও বহুপ্রকার জুয়া খেলার নিয়ম প্রচলিত রহিয়াছে—যাহার মূলে স্বার্থগত হার-জিত। এই স্বার্থগত হার-জিতের খেলা মাত্রই জুয়া। আর জুয়া যে প্রকারই হউক তাহা শরিয়ত অনুযায়ী হারাম।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

لَيْسَ عَلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جُنَاحٌ فِيْمَا طَعِمُوْا

লায়ছা আলাল্লাজীনা আ-মানূ অ আমেলোছ্ ছা-লেহা-তে জোনা-হোন্ ফীমা- তএমূ—
যাহারা ঈমান আনিয়াছে এবং পুণ্যকাজ(ও) করিয়াছে তবে যাহা কিছু (নিষেধাজ্ঞার পূর্ব্বে) পানাহার করিয়াছে (তজ্জন্য) তাহাদের প্রতি (কোন প্রকার) গোনাহ্ নাই

اِذَا مَا اتَّقَوْا وَّاٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ثُمَّ اتَّقَوْا وَّاٰمَنُوْا

এজা- মা-ত্তাকাও, অ আ-মানূ অআমেলো , ছা-লেহা-তে ছুম্মাত্তাকাও, অ আ-মানূ
যখন তাহারা (হারাম কার্য্য ও হারাম বস্তু হইতে) পরহেজগারী করিবে এবং ঈমান আনিবে ও সৎকার্য্য করিবে পুনশ্চ (হারাম কার্য্য ও হারাম বস্তু হইতে) পরহেজগারী করিবে এবং ঈমান আনিবে

৫ ১২/২ রুকু

ثُمَّ اتَّقَوْا وَّاَحْسَنُوْا ۗ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ۝

ছুম্মাত্তাকাও, অ আহ্ছানূ। অল্লা-হো ইয়্যোহেব্বোল্ মোহছেনীন্। ৫
পুনর্ব্বার (হারাম কার্য্য হারাম বস্তু হইতে) পরহেজগারী করিবে এবং পরোপকার করিবে (যদ্রূপ করা উচিৎ), আর আল্লাহ্ পরোপকারীদিগকে ভালবাসেন। (৩৪)

يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَيَبْلُوَنَّكُمُ اللّٰهُ بِشَيْءٍ

ইয়্যা— আয়্ইয়্যোহাল্লাজীনা আ-মানূ লাইয়্যোবলোঅন্নাকোমোল্লা-হো বেশায়এম্
মুসলমানগণ! আল্লাহ অবশ্যই তোমাদের (ফর্ম্মা-বরদারীর) পরীক্ষা লইবেন তুচ্ছ বিষয়ে

مِّنَ الصَّيْدِ تَنَالُهٗۤ اَيْدِيْكُمْ وَرِمَاحُكُمْ لِيَعْلَمَ اللّٰهُ مَنْ

মেনাছ্ছায়্দে তানা-লোহূ— আয়্দীকুম্ অরেমা-হোকুম্ লেইয়্যা'লামাল্লা-হো মাঁই
(অর্থাৎ) শিকার দ্বারা—যাহার পর্য্যন্ত তোমাদের হস্ত ও তোমাদের নেজা পৌছিতে পারে যাহাতে আল্লাহ্ জানিয়া লন যে কোন ব্যক্তি

يَّخَافُهٗ بِالْغَيْبِ ۚ فَمَنِ اعْتَدٰى بَعْدَ ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ

ইয়্যাখা-ফোহূ বিল্-গায়্বে, ফামানে'তাদা- বা'দা জা-লেকা ফালাহূ আজা-বোন্
(এরূপ আছে যে) না দেখিয়া তাহাকে ভয় করে, (৩৫) অপিচ ইহার (নিষেধাজ্ঞার) পরে যে ব্যক্তি সীমাতিক্রম করিবে তবে তাঁহার জন্য শাস্তি (মওজুদ) রহিয়াছে

(৩৪) এস্থলে জ্ঞাতব্য এইটুকু যে, শরাব (মদ্য) একই সময় হারাম হয় নাই—ইহার অপকারিতার বিষয় সংক্রান্ত আয়ত কখনও কখনও নাজেল হইতে থাকিত। ছাহাবীদিগের মধ্যে যাঁহাদের হকিকত-জ্ঞান ছিল, তাঁহারা সরাব সম্বন্ধে শুরু হইতেই সন্দিহানের মধ্যে ছিলেন! যখনই যখনই শরাবের অপকারীতা সম্বন্ধে কোন আয়ত নাজেল হইত, তখনই তখনই তাঁহারা শরাব সম্বন্ধে হুশিয়ার হইতে থাকিতেন শরাবের এবম্প্রকার ধারাবাহিক কদর্য্যতার বিষয় অবগত হইতে হইতে কেহ কেহ বুঝিয়াছিলেন যে, শেষ পর্য্যন্ত শরাব হারামই হইবে, হইলও তাহাই। হজরত ওমরের ন্যায় বিচক্ষণ সম্মানাস্পদ ছাহাবীরও প্রায় যুগকালব্যাপী শরাবের হোরমৎ সম্বন্ধে খট্‌কা লাগিয়া ছিল। তজ্জন্য তিনি দোওয়া করিতেন, হে খোদা! শরাব সম্বন্ধে আপনার সুস্পষ্ট নির্দ্দেশ আমাকে জানাইয়া দিন। তখনই অত্র আয়ত দ্বারা শরাব সম্পূর্ণ হারাম হইয়া যায়।

(৩৫) মর্ম্ম এই যে, শিকার সহজলভ্য হওয়া সত্ত্বেও এহরামের সম্মানার্থ উহাকে বধ না করা ঈমানের পরীক্ষায় উত্তীর্ণ হওয়ারই চিহ্ন।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

أَلِيمٌ ۝ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْتُلُوا الصَّيْدَ

আলীম্। ইয়া— আয়্ইয়োহাল্লাজীনা আ-মানূ লা- তাক্‌তোলোছ্-ছায়্দা

যন্ত্রণাদায়ক। মুছলমানগণ! তোমরা শিকার মারিও না

وَأَنْتُمْ حُرُمٌ ۚ وَمَنْ قَتَلَهُ مِنْكُمْ مُتَعَمِّدًا فَجَزَاءٌ مِثْلُ

অ আন্তুম্ হোরোম্। অমান্ ক্বাতালাহু মেন্‌কুম্ মোতাআম্মেদান্ ফাজ্বাযা—ওম্-মেস্‌লো

এহ্‌রাম অবস্থায়, আর তোমাদের যে কেহ (জানা সত্ত্বে) ইচ্ছা পূর্ব্বক শিকার মারিবে তবে (তাহার) বিনিময় তদনুরূপ

مَا قَتَلَ مِنَ النَّعَمِ يَحْكُمُ بِهِ ذَوَا عَدْلٍ مِنْكُمْ هَدْيًا

মা- ক্বাতালা মেনান্-নাআমে ইয়্যাহ্‌কোমো বেহী- জাওয়া- আদ্‌লেম্ মেনকুম্ হাদ্ইয়্যাম্

যদ্রূপ (জানোয়ারকে) মারিয়াছে চতুষ্পদ জানোয়ার হইতে যাহা তোমাদের মধ্যেকার দুই বিচারক ব্যক্তি স্থির করিয়া দেয় (তাহাই) দিতে হইবে (আর এই) নিয়াজ

بَالِغَ الْكَعْبَةِ أَوْ كَفَّارَةٌ طَعَامُ مَسَاكِينَ أَوْ عَدْلُ

বা-লেগাল্-কা'বাতে আও্ কাফ্‌ফা-রাতোন্ ত্বআ-মো মাছা-কীনা আও্ আদ্‌লো

কা'বায় পৌঁছাইতে হইবে কিম্বা কাফ ফারা (অর্থাৎ উহার মূলে যতগুলি) মিছকীন(-এর সামাই হয় তাহা)দের অন্নদান অথবা মিছকীনদিগের

ذَٰلِكَ صِيَامًا لِيَذُوقَ وَبَالَ أَمْرِهِ ۗ عَفَا اللَّهُ عَمَّا

জা-লেকা ছেইয়্যা-মাল্- লেইয়্যাজুকা অবা-লা আম্‌রেহী-। আফাল্লা-হো অাম্মা-

সংখ্যার পরিমাণ রোজা—যাহাতে নিজের কৃতকার্য্যের শাস্তি(র আস্বাদ) মর্ম্মে মর্ম্মে অনুভব করে, আল্লাহ ক্ষমা করিয়াছেন যাহা

سَلَفَ ۚ وَمَنْ عَادَ فَيَنْتَقِمُ اللَّهُ مِنْهُ ۗ وَاللَّهُ عَزِيزٌ

ছালাফ্। অমান্ আ-দা ফাইয়্যান্তাক্বেমোল্লা-হো মেন্‌হো। অল্লা-হো আযীযোন্

গত হইয়া গিয়াছে, আর যে ব্যক্তি পুনর্ব্বার (এরূপ কার্য্য) করিবে তবে আল্লাহ্ তাহা হইতে (অবাধ্যতার) প্রতিশোধ লইবেন, আর আল্লাহ মহা পরাক্রান্ত

ذُو انْتِقَامٍ ۝ أُحِلَّ لَكُمْ صَيْدُ الْبَحْرِ وَطَعَامُهُ مَتَاعًا لَكُمْ

জোন্তেকা-ম্। ওহেল্লা লাকুম্ ছায়্দোল্-বাহ্‌রে অত্বআ-মোহূ মাতা-আল্লাকুম্

(এবং) প্রতিশোধ-গ্রহণকারী। সামুদ্রিক শিকার এবং সামুদ্রিক আহারীয় দ্রব্য (যাহা বিনা শিকারে হস্তগত হয়—এহ্‌রাম অবস্থায়ও) তোমাদের জন্য হালাল করা গিয়াছে (উহাতে) তোমাদের উপকার

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَلِلسَّيَّارَةِ وَحُرِّمَ عَلَيْكُمْ صَيْدُ الْبَرِّ مَا دُمْتُمْ حُرُمًا

অল্লিছ্‌ছায়্‌ইয়্যা-বাহ্‌, অহোর্রেমা আলায়্‌কুম ছায়্‌দোল্‌-বার্রে মা-দোম্‌তুম্‌ হোরোমা।
আর মোছাফেরদিগের(ও উপকার), আর তোমরা এহরাম অবস্থায় থাকাকাল পর্য্যন্ত জঙ্গলে শিকার করা তোমাদের প্রতি হারাম

وَاتَّقُوا اللَّهَ الَّذِي إِلَيْهِ تُحْشَرُونَ ۝ جَعَلَ اللَّهُ الْكَعْبَةَ

অত্তাক্বোল্লা-হাল্লাজী— এলায়্‌হে তোহ্‌শারূন্‌। জ্বাআলাল্লা-হোল্‌-কা'বাতাল্‌
আর আল্লার ভয় রাখিও যাঁহার দিকে তোমাদের (সকল)কে একত্রিত অবস্থায় যাইতে হইবে। আল্লাহ কা'বাকে করিয়াছেন

الْبَيْتَ الْحَرَامَ قِيَامًا لِلنَّاسِ وَالشَّهْرَ الْحَرَامَ وَالْهَدْيَ

বায়্‌তাল্‌-হারা-মা ক্বেইয়্যা-মাল্‌-লেন্‌না-ছে অশ্‌শাহ্‌রাল্‌-হারা-মা অল্‌- হাদ্‌ইয়্যা
সম্মানিত গৃহ লোকদিগের (শান্তি ও নিরপদতা) ঠিক থাকিবার উপলক্ষ্য স্থল আর (অনুরূপই) সম্মানিত মাসগুলিকে এবং (হজ্জের) কোরবানী(র জানোয়ারগুলি)কে

وَالْقَلَائِدَ ذَٰلِكَ لِتَعْلَمُوا أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ

অল্‌-ক্বালা—এদা। জা-লেকা লেতা'লামূ—আন্নাল্লা-হা ইয়্যা'লামো মা- ফিছ্‌ছামা-অ-তে
আর (সেই জানোয়ারগুলিকে) যাহাদের (আল্লার নিয়াজার্থ) বিশেষ করিয়া চিনিবার জন্য) গলায় পটী বাঁধিয়া দেওয়া হয়, ইহা এই জন্য যে তোমাদের জানা থাকে নিশ্চয় আল্লাহ (সমস্ত) জ্ঞাত আছেন যাহা কিছু আকাশসমূহে

وَمَا فِي الْأَرْضِ وَأَنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۝ اعْلَمُوا

অমা-ফিল্‌-আর্‌দ্বে, অ আন্নাল্লা-হা বেকুল্লে শায়্‌এন্‌ আলীম্‌। এ'লামূ—
আর যাহা কিছু ভূ-জগতে রহিয়াছে আর নিশ্চয় আল্লাহ সকল বস্তুর বিষয় অবগত। (৩৬) জ্ঞাত থাকে

أَنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ وَأَنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ۝ مَا عَلَى الرَّسُولِ

আন্নাল্লা-হা শাদীদোল্‌-একা-বে অআন্নাল্লা-হা গ্বাফুর্রোরাহীম্‌। মা- আলার্রাছুলে
যে আল্লার শাস্তি অতিকঠোর আর (ইহাও জ্ঞাত থাক যে) আল্লাহ্‌ মহা ক্ষমাকারী, মহা দয়ালু। নাই পয়গাম্বরের প্রতি

(৩৬) মর্ম্ম এই যে, কা'বাকে শান্তি ও নিরাপদতার গৃহ স্থিরীকরণ, হাজীদিগের ও কোরবানী-গুলির রক্ষণাবেক্ষণের নির্দ্দেশ দান জেলকদ্‌, জেলহজ্জ, মহর্‌রম ও রজব এই মাস চতুষ্টয় সাধারণের নিরাপদ ও শান্তিরূপে নির্দ্ধারণ—করণ এ সমুদয় বন্দোবস্তের মধ্যে আল্লার পূর্ণ মহিমারই বিকাশ পায়। এগুলির মধ্যে তাঁহার অনেক কিছু হেকমত বিদ্যমান। তন্মধ্যে মক্কার উৎকর্ষতা, মক্কার শোভন, বিশেষতঃ আরবদের ন্যায় দুর্দ্ধর্ষদিগের মধ্যে এই কৌশলে শান্তি প্রতিষ্ঠা অন্যতম।

CC-0. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

إِلَّا الْبَلٰغُ ط وَاللّٰهُ يَعْلَمُ مَا تُبْدُوْنَ وَمَا تَكْتُمُوْنَ ○

ইল্লাল্-বালা-গু্। অল্লা-হো ইয়া'লামো মা- তোব্দূনা অমা- তাক্তোমূন্।

(আল্লার নির্দ্দেশ) পৌছাইয়া দেওয়া ছাড়া, আর যাহা তোমরা প্রকাশ্যে করিতেছ আর যাহা গোপনে করিয়া থাক আল্লাহ্ (সমস্তই) জানেন।

قُلْ لَّا يَسْتَوِي الْخَبِيْثُ وَالطَّيِّبُ وَلَوْ أَعْجَبَكَ كَثْرَةُ

কোল্ লা- ইয়াছ্তাবিল্ খাবীসো অত্ত্বয়্ইয়েবো অলাও্ আ'জ্বাবাকা কাছ্রাতোল্-

(হে রছুল, ইহাদিগকে) বল যে নাপাক (অর্থাৎ হারাম) আর পাক (অর্থাৎ হালাল বস্তু পদ-মর্য্যাদায়) সমতুল্য হইতে পারেনা তদিওচ তোমার উত্তম লাগুক আধিক্য

الْخَبِيْثِ ج فَاتَّقُوا اللّٰهَ يٰٓاُولِي الْأَلْبَابِ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ○ع　　ع ১৩ / ৩ রুকু

খাবীসে, ফাত্তাক্বোল্লা-হা ইয়া—উলিল্-আল্বা-বে লাআল্লাকুম্ তোফ্লেহূন্। ع

কদর্য্য বস্তুর, (৩৭) অপিচ হে জ্ঞানী সমাজ (!) আল্লার ভয় করিয়া চলিও যাহাতে তোমরা নাজাত পাও।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَسْئَلُوْا عَنْ اَشْيَآءَ اِنْ

ইয়া—আয়্ইয়োহাল্লাজীনা আ-মানূ লা- তাছ্আলূ আন্ আশ্ইয়া—আ ইন্

মুছলমানগণ ! (তোমরা) সেই সকল বিষয়ে (বহু কথা খুঁটরাইয়া খুঁটরাইয়া) জিজ্ঞাসা করিও না—যদি

تُبْدَ لَكُمْ تَسُؤْكُمْ ج وَاِنْ تَسْئَلُوْا عَنْهَا حِيْنَ يُنَزَّلُ

তোব্দা লাকুম্ তাছো'কুম্, অইন্ তাছ্আলূ আন্হা- হী-না ইয়্যানায্যালোল্-

তোমাদের প্রতি প্রকাশ করিয়া দেওয়া হয় (তাহা হইলে) তোমাদের খারাপ বোধ হইবে, ঐ বিষয়ে (বহু) প্রশ্ন কর এরূপ সময়ে যে নাজেল হইতে আছে

الْقُرْاٰنُ تُبْدَ لَكُمْ ط عَفَا اللّٰهُ عَنْهَا ط وَاللّٰهُ غَفُوْرٌ حَلِيْمٌ ○

কোর্আ-নো তোব্দা লাকুম্। আফাল্লা-হো আন্হা-। অল্লা-হো গফূরোন্ হালীম্।

কোরআন তবে তোমাদের প্রতি প্রকাশ(ও) করিয়া দেওয়া হইবে, (তখন ভাল লাগিবে না, এক্ষণ ত আল্লাহ উহা (অবৈধকার্য্য) হইতে ছাড়িয়া দিলেন, আর আল্লাহ ক্ষমাকারী সহিষ্ণু।

قَدْ سَاَلَهَا قَوْمٌ مِّنْ قَبْلِكُمْ ثُمَّ اَصْبَحُوْا بِهَا كٰفِرِيْنَ ○

কাদ্ ছাআলাহা- কাও্মোম্ মেন্ কাব্লেকুম্ সুম্মা আছ্বাহূ বেহা- কা-ফেরীন্।

নিশ্চয় তোমাদের পূর্ব্বে(ও) লোক (এইরূপই বহুকথা নিজেদের) নবীগণকে জিজ্ঞাসা করিয়াছিল তৎপর (যখন জানাইয়া দেওয়া হয় তখন) লাগিল তদনুযায়ী কার্য্যকরা বিষয়ে এন্কার করিতে। (৩৮)

---

(৩৭) নাপাক ও পাক অর্থে—কোফরী ও ঈমান। ভূ-জগতে যতই অধিক লোক কোফরী করিতে থাকুক, আল্লার নিকট কাফেরের দল নিগ্রহিত ও অপদস্থ নিশ্চয়ই।

(৩৮) শাহ আব্দুল কাদের (রহঃ) অত্র আয়তের তাৎপর্য্য সম্বন্ধে ফরমাইতেছেন, হুজুরকে জিজ্ঞাসা করিওনা যে, এই কার্য্য জাএজ অথবা নাজাএজ, এই কার্য্য করিব কি করিব না; বরং

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

مَا جَعَلَ اللّٰهُ مِنْ بَحِيْرَةٍ وَّلَا سَآئِبَةٍ وَّلَا وَصِيْلَةٍ

মা- জাআলাল্লা-হো মেম্-বাহীরাতেঙ্ অলা- ছা—এবাতেঙ্ অলা- অছীলাতেঙ্

আল্লাহ হারাম স্থির করেন নাই বাহীরাহ্ আর না ছা-এবাহ্ আর না অছীলাহ্

وَّلَا حَامٍ وَّلٰكِنَّ الَّذِيْنَ كَفَرُوْا يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ

অলা- হা-মেঙ্ অলা-কেন্নাল্লাজীনা কাফারু ইয়্যাফ্তারুনা আলাল্লা-হিল্- কাজেব্।

আর না হা-ম্ (এগুলির কোনওটি)কে বরং কাফেরগণ আল্লার প্রতি মিথ্যা দোষ চাপাইতেছে,

وَاَكْثَرُهُمْ لَا يَعْقِلُوْنَ ○ وَاِذَا قِيْلَ لَهُمْ تَعَالَوْا اِلٰى مَآ

অ আক্‌সারো হুম্ লা- ইয়্যা'ক্কেলুন্। অএজা- ক্বীলালাহুম্ তাআ-লাও্এলা- মা—

আর উহাদের অধিকাংশই নির্ব্বোধ। (৩৯) আর যখন উহাদিগকে বলা হয় যে আইস যাহা

اَنْزَلَ اللّٰهُ وَاِلَى الرَّسُوْلِ قَالُوْا حَسْبُنَا مَا وَجَدْنَا عَلَيْهِ

আন্‌যালাল্লা-হো অ এলার্‌রাছুলে ক্বা-লূ হাছ্‌বোনো- মা- অ জাদ্‌না- আলায়হে

আল্লাহ নাজেল করিয়াছেন (তাহার) ও (আমার) রছুলের দিকে (আর কোরআন ও রছুল যে নির্দ্দেশ দেয় তাহা মান্য কর, ইহার উত্তরে) উহারা (তখন) বলে যে (সেই তরিকাই) আমাদের পক্ষে যথেষ্ট যাহার (যে তরিকার) উপর আমরা (চলিতে) দেখিয়াছি আমাদের

اٰبَآءَنَا اَوَلَوْ كَانَ اٰبَآؤُهُمْ لَا يَعْلَمُوْنَ شَيْئًا وَّلَا

আ-বা—আনা-। আঅ লাও কা-না আ-বা—ও্হুম্ লা- ইয়্যা'লামূনা শায়্আঙ্ অলা-

পিতা পিতামহগণকে, যদিওচ উহাদের পিতা পিতামহগণ কিছু না জানিত এবং

যাহা হুকুম করিয়াছেন তৎপ্রতি আমল করিও, যাহা হুকুম করেন নাই তাহাকে "মাফ" মনে করিও। ইহার ফলে দীন সহজ থাকিয়া যায়। আর প্রত্যেক কথার উত্তরে দীন সঙ্কুচিত হইয়া পড়ে। তদবস্থায় আমলের অবকাশ কোথায়? পূর্ব্ববর্ত্তী লোকের এই অবস্থাই ঘটিয়াছিল। অতঃপর হজরত শাহ্ ছাহেব কুফরী নিয়ম-পদ্ধতির ব্যাখায় বলেন, জিজ্ঞাসা করিবার আবশ্যকতাই নাই। যাহার সম্বন্ধে আল্লাহ আদেশ করেন নাই, তাহা মূলহীন। আর অনর্থক প্রশ্নও এইরূপ।

(৩৯) "বাহীরাহ্" সেই উষ্ট্রী তৎকালের আরবরা যাহার কাণ চিরিয়া ঠাকুরের নামে ছাড়িয়া দিত, তৎপর কেহই আর তাহার দুগ্ধ দোহন করিতে পারিত না।

"ছা-এবাহ্" সেই মামুলী ষাঁড় যাহার দ্বারা কোন কাজ না লওয়া হয় অর্থাৎ ঠাকুরের নামে উৎসর্গ করা হয়। যথা— এদেশীয় হিন্দুগণ দেব-দেবীর নামে ষাঁড় ছাড়িয়া দিয়া থাকেন। মুছলমান নামধারী মোশরেকদিগের মধ্যেও অনেকক্ষেত্রে এ-কুপ্রথা বিদ্যমান।

"অছীলাহ্" সেই উষ্ট্রী যাহার পর পর দুইটী নারী জাতীয় বৎস হইত এবং 'তাবার্‌রুক' জ্ঞানে তাহাকে ঠাকুরের নামে ছাড়িয়া দেওয়া হইত।

"হা-ম্" সেই উষ্ট্রী যাহার ঔরসে একাধিক বাচ্চা জন্মলাভ করে এবং বৃদ্ধ বয়সে তাহার দ্বারা আর কোন কাজ লওয়া না হয়।

এ সমুদয় এবং এই প্রকার আরও বহু খেয়ালী কু-প্রথা ছিল যে গুলিকে তৎকালের আরববাসীরা ধর্ম্মকার্য্যের অন্তর্ভূত বলিয়া ধারণ পোষণ করিত। ফলকথা, আল্লাহ এই প্রকার শের্কমূলক প্রথাসমূহের প্রচলন নিষিদ্ধ করিয়া দিয়াছেন।

৪৪

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

يَهْتَدُونَ ۝ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا عَلَيْكُمْ أَنفُسَكُمْ ۚ

ইয়্যাহ্‌তাদূন্। ইয়্যা—আয়্‌ইয়োহাল্‌লাজীনা আ-মানূ আলায়্‌কুম্ আন্‌ফোছাকুম্,
সঠিক পথে না থাকিয়া থাকে। মুছলমানগণ! তোমরা নিজেদের আত্মাগুলিকে নিজেদের জেম্মায় লও,

لَا يَضُرُّكُم مَّن ضَلَّ إِذَا ٱهْتَدَيْتُمْ ط إِلَى ٱللَّهِ مَرْجِعُكُمْ جَمِيعًا

লা-ইয়্যাদ্বোর্‌রোকুম্ মান্ দ্বল্‌লা এজাহ্‌তাদায়্‌তুম্। এলাল্লা-হে মার্‌জেয়োকুম্ জামীআন্
যখন তোমরা ঠিক পথে থাকিবে (তখন) যে কেহ পথভ্রষ্ট হউক (তাহার পথভ্রষ্ট হওয়া) তোমাদের
(কিছুমাত্র) ক্ষতি করিতে পারিবে না, তোমাদের সকলকে আল্লার দিকে প্রত্যাবর্ত্তন করিতে হইবে

فَيُنَبِّئُكُم بِمَا كُنتُمْ تَعْمَلُونَ ۝ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا

ফাইয়োনাব্বেয়োকুম্ বেমা- কোন্তুম্ তা'মালূন্। ইয়্যা—আয়্‌ইয়োহাল্‌লাজীনা আ-মানূ
(যখন তাঁহার নিকট পৌঁছিবে) তখন যাহা কিছু (তোমরা দুনিয়ায়) করিতে (তাহার ভাল ও মন্দ
তিনি) তোমাদিগকে বুঝাইয়া দিবেন। হে মুছলমানগণ!

شَهَٰدَةُ بَيْنِكُمْ إِذَا حَضَرَ أَحَدَكُمُ ٱلْمَوْتُ حِينَ

শাহা-দাতো বায়্‌নেকুম্ এজা- হাদ্বারা আহাদা কোমোল্- মাও্‌তো হীনাল্-
তোমাদের মধ্যে সাক্ষী থাকা চাই যখন তোমাদের কাহারও সম্মুখে মৃত্যু উপস্থিত হইবে (আর
সেই পরলোক যাত্রী ব্যক্তি অছীয়ত করিবে তবে সেই) অছীয়ত

ٱلْوَصِيَّةِ ٱثْنَانِ ذَوَا عَدْلٍ مِّنكُمْ أَوْ ءَاخَرَانِ مِنْ غَيْرِكُمْ

অছীইয়্যাতেস্‌না-নে জাওয়া- আদ্‌লেম্ মেন্‌কুম্ আও্ আ-খারা-নে মেন্ গায়্‌রেকুম্
করা কালীন (তোমাদের মধ্যে সাক্ষ্যদানের এই প্রকার নিয়ম হওয়া উচিৎ যেন) তোমাদের
মধ্যকার দুই জন বিশ্বাসী ব্যক্তি সাক্ষী থাকে কিম্বা তোমাদের (মুছলমানদের) ছাড়া আর
দুই জন (অন্য লোককে সাক্ষী রাখিবে)

إِنْ أَنتُمْ ضَرَبْتُمْ فِى ٱلْأَرْضِ فَأَصَٰبَتْكُم مُّصِيبَةُ ٱلْمَوْتِ ط

ইন্ আন্তুম্ দ্বারাব্‌তুম্ ফিল্-আর্‌দ্বে ফাআছা-বাৎকুম্ মোছীবাতোল্-মাও্‌ত।
যদি তোমাদের প্রবাসে থাকা অবস্থায় তোমাদের প্রতি মৃত্যু-বিপদ আসিয়া পৌঁছে (এবং তথায়
মুছলমান সাক্ষী প্রাপ্ত না হও),

تَحْبِسُونَهُمَا مِنۢ بَعْدِ ٱلصَّلَوٰةِ فَيُقْسِمَانِ بِٱللَّهِ إِنِ ٱرْتَبْتُمْ

তাহ্‌বেছুনাহোমা- মেম্-বা'দেছ্-ছালা-তে ফাইয়োক্‌ছেমা-নে বিল্লা-হে এনের্‌তাব্‌তুম্
যদি তোমাদের (উহাদের সত্যবাদীতায় কোনও প্রকার) সন্দেহ (উপস্থিত) হয় তবে সেই দুই জনকে
আছরের (নামাজের) পরে * থামাইয়া রাখিবে তৎপর সেই দুই ব্যক্তি আল্লার কছম খাইবে

* রছুলে-খোদা আছরের পরে "হলফ" লইতেন।—হাদীছ।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

لَا نَشْتَرِيْ بِهٖ ثَمَنًا وَّلَوْ كَانَ ذَا قُرْبٰى ۙ وَلَا نَكْتُمُ

লা- নাশ্‌তারী বেহী- সামানাঙ্‌ অলাও কা-না জা-কোর্‌বা-, অলা- নাক্‌তোমো

(এবং বলিবে) যে আমাদের হক-প্রকারের বিনিময়ে মূল্য গ্রহণের উদ্দেশ্য নাই যদিওচ (ঐ ব্যক্তি যাহার সম্বন্ধে আমরা সাক্ষ্য দিই আমাদের) নিকটাত্মীয়ই (কেন) হউক না, আর আমরা গোপন করিব না

شَهَادَةَ اللّٰهِ اِنَّا اِذًا لَّمِنَ الْاٰثِمِيْنَ ۝ فَاِنْ عُثِرَ عَلٰى

শাহা-দাতাল্লা-হে ইন্না— এজাল্‌ লামেনাল্‌-আ-সেমীন্‌। ফাইন্‌ ওছেরা আলা—

আল্লাহ্‌-সম্পর্কীয় সাক্ষ্য এরূপ করিলে তখন নিশ্চয়ই আমরা পাপীদিগের অন্তর্গত। অনন্তর যদি (সাক্ষ্যদানের পশ্চাতে) জানা যায় যে

اَنَّهُمَا اسْتَحَقَّا اِثْمًا فَاٰخَرٰنِ يَقُوْمٰنِ مَقَامَهُمَا

আন্নাহোমাছ্‌তাহাক্‌কা— এস্‌মান্‌ ফাআ-খারা—নে ইয়্যাকুমা-নে মাকা-মাহোমা-

সেই উভয় (সাক্ষী মিথ্যা হলফের) পাপ-পর্য্যায়ভুক্ত হইয়া স্বত্ব সাব্যস্ত করিয়াছে তদবস্থায় (উহাদের বিরুদ্ধে) উহাদের স্থলে অন্য দুই জন (সাক্ষী) দণ্ডায়মান হইবে

مِنَ الَّذِيْنَ اسْتَحَقَّ عَلَيْهِمُ الْاَوْلَيٰنِ فَيُقْسِمٰنِ

মোনাল্লাজীনাছ্‌তাহাক্‌কা আলায়্‌হেমোল্‌ আওলাইয়্যা-নে ফাইয়োক্‌ছেমা-নে

সেই লোকদিগের মধ্য হইতে (সাক্ষ্য দিতে) যাহাদের উপর (ঐ উভয় সাক্ষীর প্রত্যেকেই) স্বত্ব সাব্যস্ত করিয়াছিল (আর এই নূতন সাক্ষী অত্যাচারির পক্ষের) নিকট সম্বন্ধীয় (হয়) অতঃপর (এই দুই জন নূতন সাক্ষী) আল্লার কছম

بِاللّٰهِ لَشَهَادَتُنَآ اَحَقُّ مِنْ شَهَادَتِهِمَا وَمَا اعْتَدَيْنَآ ج

বিল্লা-হে লাশাহা-দাতোনা— আহাক্‌কো মেন শাহা-দাতেহেমা- অমা'তাদায়না—

খাইবে যে পূর্ব্বের দুই সাক্ষীর সাক্ষ্য অপেক্ষা আমাদের সাক্ষী নিশ্চয়ই অধিক বিশ্বাসযোগ্য আর আমরা (সাক্ষ্যদান বিষয়ে কোনও প্রকার) সীমা লঙ্ঘন করি নাই,

اِنَّآ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ۝ ذٰلِكَ اَدْنٰٓى اَنْ يَّاْتُوْا بِالشَّهَادَةِ

ইন্না— এজাল্‌-লামেনাজ্‌-জালেমীন্‌। জা-লেকা আদ্‌না—আঁই ইয়্যা'তু বেশ্‌শাহা-দাতে

এরূপ করিয়া থাকিলে তদবস্থায় নিশ্চয় আমরা জালেম। এ-প্রকার কছমে খুব সম্ভব লোক (পরকালের ভয়ে) যদৃচ্ছা সাক্ষ্যদান

عَلٰى وَجْهِهَآ اَوْ يَخَافُوْٓا اَنْ تُرَدَّ اَيْمَانٌۢ بَعْدَ

আলা- অজ্‌হেহা— আও ইয়্যাখা-ফূ— আন্‌ তোরাদ্দা আয়মা-নোম্‌ বা'দা

(কিম্বা পার্থিব অপদস্থতা) হইতে ভয় করিবে যে (এরূপ না হয় যে আমাদের) কছম রদ (বাতিল) করিয়া দেওয়া হয় অন্য পক্ষের

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

أَيْمَانِهِمْ ۚ وَاتَّقُوا اللَّهَ وَاسْمَعُوا ۗ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ

আয়্মা-নেহিম্। অত্তাক্বোল্লা-হা অছ্মাউ। অল্লা-হো লা- ইয়্যাহ্দিল্ ক্বাও্মাল্-

কছমের পরে, আর (মুছলমাণগণ !) আল্লা(র অবাধ্যতা) হইতে ভয় কর আর (তাঁহার আদেশ বিশেষভাবে) শ্রবণ কর, আর আল্লাহ সুপথ দেখান না

الْفَاسِقِينَ ۝ يَوْمَ يَجْمَعُ اللَّهُ الرُّسُلَ فَيَقُولُ مَاذَا أُجِبْتُمْ ۖ

ফা-ছেক্বীন্। ع ইয়্যাও্মা ইয়্যাজ্মাওল্লা-হোর্রাছোলা ফাইয়্যাক্বুলো মা- জা—ওজেব্তুম্।

অবাধ্য লোকদিগকে। (৪০) (আর সেই দিনের কথা স্মরণ কর) যে দিবস আল্লাহ পয়গাম্বরগণকে একত্রিত করিয়া তৎপর জিজ্ঞাসা করিবেন, তোমরা (নিজ নিজ ওম্মতের তরফ হইতে) কি উত্তর পাইয়াছ,

ع
১৪
৪
রুকু

قَالُوا لَا عِلْمَ لَنَا ۖ إِنَّكَ أَنْتَ عَلَّامُ الْغُيُوبِ ۝ إِذْ قَالَ اللَّهُ

ক্বা-লূ লা- এল্মা লানা-। ইন্নাকা আন্তা আল্লা-মোল্ গোইউব্। এজ্ ক্বা-লাল্লা-হো

(নবীগণ) বলিবে (আমাদের জীবদ্দশাকালের অবস্থাটুকু আমরা জানি তাহা ছাড়া আর) আমরা কিছুই জানিনা, গায়েব-তত্ত্ত আপনিই বিশেষরূপ জানেন। (সে দিবস এ ব্যাপারও সম্মুখে আসিবে যে) যখন আল্লাহ আদেশ করিবেন

يَا عِيسَى ابْنَ مَرْيَمَ اذْكُرْ نِعْمَتِي عَلَيْكَ وَعَلَىٰ وَالِدَتِكَ

ইয়্যা- ঈছাব্না মার্ইয়্যামাজ্কোর্ নে'মাতী আলায়্কা অ আলা- অ-লেদাতেকা॥

হে মরিয়মের পুত্র ঈছা আমি তোমার প্রতি ও তোমার মাতার (মরিয়মের) প্রতি যে যে উপকার করিয়াছি (তাহা) স্মরণ কর,

إِذْ أَيَّدْتُكَ بِرُوحِ الْقُدُسِ تُكَلِّمُ النَّاسَ فِي الْمَهْدِ وَكَهْلًا ۖ

এজ্ আয়্ ইয়্যাত্তোকা বেরূহিল্- ক্বোদোছ, তোকাল্লেমোন্না-ছা ফিল্-মাহ্দে অকাহ্লা-,

যখন আমি (ক) রুহ-ক্বোদছ (অর্থাৎ জেব্রইল) দ্বারা তোমার সাহায্য করিয়াছিলাম, (খ) তুমি (যখন শিশু অবস্থায়) দোলনায় (পড়িয়া ঝুলিতে তখন) এবং বয়ঃপ্রাপ্ত অবস্থায় (অর্থাৎ শিশু ও বয়ঃপ্রাপ্ত উভয় অবস্থায়) লোকদিগের সহিত (একই সমান) কথা কহিতে,

(৪০) হজরত শাহ আবদুল কাদের ছাহেব ফরমাতেছেন, হজরত রছুলে-খোদার সময়ে জনৈক মুছলমান ব্যবসায় উপলক্ষে বিদেশ গমন করে। পথিমধ্যে পীড়িত হইয়া মরণোন্মুখ হইলে কাফেলাস্থ দুই জন নাছারাকে এই বলিয়া নিজের সমস্ত মাল হাওয়ালা করে যে, এই মাল আমার ওয়ারেছদিগকে দিয়া দিবে। উহারা মৃত মুছলমানের মাল তাহার ওয়ারেছদিগকে বুঝাইয়া দিবার সময় ওয়ারেছগণ অতিরিক্ত একটা কাটোরার (থালের) দাবী উত্থাপন করে। কাটোরাটী স্বর্ণ নির্ম্মিত ছিল। নাছারাদ্বয় কছম খাইল যে, এই এই মাল ছড়া আর কিছুই আমাদের হাওয়ালা করা হয় নাই। অতঃপর মৃতের ওয়ারেছগণ সেই কাটোরাটী জনৈক স্বর্ণকারের নিকট হইতে উদ্ধার করে। ওয়ারেছগণ স্বর্ণকারকে জিজ্ঞাসা করিয়া জানিতে পারে যে, কাটোরাটী স্বর্ণের নহে—রৌপ্য-নির্ম্মিত এবং স্বর্ণের পালিশ করা। উহা নাছারাদ্বয় মূল্য গ্রহণে তাহাকে বিক্রয় করিয়াছিল। নাছারাদ্বয় তখন বলিল যে, মৃত ব্যক্তি জীবদ্দশায় কাটোরাটী উচিত মূল্যে তাহাদিগকে বিক্রয় করিয়াছিল। অতঃপর মৃত ব্যক্তির ওয়ারেছগণের মধ্যে যে দুই ব্যক্তি নিকট সম্পর্কীয় তাহারা ওয়ারেছগণের সকলের পক্ষ হইতে এই বলিয়া কছম খাইতে লাগিল যে, বিক্রয় করার বিষয় আমরা কিছুই জানি না। দ্বিতীয়তঃ মৃতের হস্তলিখিত মালের ফর্দ্দে কাটোরার উল্লেখ থাকায় নাছারাদ্বয় কাটোরাটী ফেরৎ দিতে বাধ্য হয়।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَإِذْ عَلَّمْتُكَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَالتَّوْرٰىةَ وَالْإِنْجِيْلَ ۚ وَإِذْ

অএজ্ আল্লাম্তোকাল্-কেতা-বা অল-হেকমাতা অৎতাওরা-তা অল্-এনজ্বীল্, অএজ্

আর (গ) যখন আমি তোমাকে লিখন ও জ্ঞান(গর্ভ কথা) এবং তওরাত ও ইঞ্জিল শিখাইয়া ছিলাম, (৪১) আর (ঘ) যখন

تَخْلُقُ مِنَ الطِّيْنِ كَهَيْئَةِ الطَّيْرِ بِإِذْنِيْ فَتَنْفُخُ فِيْهَا

তাখ্লোকো মেনাত্ব্‌ত্বীনে কাহায়্আতেত্ব্‌ত্বয়্‌রে বেএজ্‌নী ফাতান্‌ফোখো ফী-হা-

তুমি আমার (আল্লার) হুকুমে (এক মুষ্ঠী) মৃত্তিকার দ্বারা পক্ষী-আকৃতির মূর্ত্তি গঠন করিতে তৎপর তাহাতে ফুৎকার দিতে

فَتَكُوْنُ طَيْرًا بِإِذْنِيْ وَتُبْرِئُ الْأَكْمَهَ وَالْأَبْرَصَ بِإِذْنِيْ ۚ

ফাতাকূনো ত্ব্‌য়্রাম্ বেএজ্‌নী, অতোব্‌রেওল-আক্‌মাহা অল্-আবরাছা বেএজ্‌নী,

তখন তাহা আমার হুকুমে পক্ষী হইয়া উড়িত, আর (ঙ) যখন তুমি জন্মান্ধ ও কুষ্ঠ (রোগী)কে আমার হুকুমে নিরাময় করিতে,

وَإِذْ تُخْرِجُ الْمَوْتٰى بِإِذْنِيْ ۚ وَإِذْ كَفَفْتُ بَنِيْٓ إِسْرَآءِيْلَ

অএজ্ তোখ্‌রেজোল্ মাও্‌তা- বেএজ্‌নী, অএজ্ কাফাফ্‌তো বানী-এছ্‌রা—য়ীলা

এবং (চ) যখন তুমি আমার হুকুমে মৃতগণকে (জীবিত অবস্থায় কবর হইতে) বাহির করিয়া দাঁড় করাইতে, আর (ছ) যখন আমি বাধাপ্রদান করিয়াছিলাম বানী-এছরাইলকে

عَنْكَ إِذْ جِئْتَهُمْ بِالْبَيِّنٰتِ فَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ

আন্‌কা এজ্ জে'তাহুম্ বিল্-বায়্যিনা-তে ফাক্বা-লাল্‌লাজীনা কাফারু মেন্‌হুম্

তোমার (প্রতি জবরদস্তি করা) হইতে যখন তুমি উহাদের নিকট মোজেযাহ্ সহ আগমন করিয়াছিলে তখন উহাদের মধ্যেকার যাহারা (তোমার নবুয়তের) মোন্‌কের ছিল (তাহার মো'জেযাহ্ দেখিয়া) বলিতে লাগিল

إِنْ هٰذَآ إِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ۝ وَإِذْ أَوْحَيْتُ إِلَى الْحَوَارِيّٖنَ

ইন্ হা-জা— ইল্লা- ছেহ্‌রোম্-মোবীন্। অএজ্ আও্‌হায়্‌তো এলাল্-হাঅ-রীয়ীনা

ইহা ত সুস্পষ্ট যাদু। আর (জ) যখন আমি হাওয়ারী (সম্প্রদায় বিশেষ)দিগকে নির্দ্দেশ দিই

(৪১) "কেতাব" শব্দের অর্থ কোন কোন ভাষ্যকার "লিখন" গ্রহণ করিয়াছেন। তদনুসারেই আমরা অনুবাদ করিয়াছি। আর কোন কোন ভাষ্যকার "কেতাব" অর্থে সমুদয় আছমানী গ্রন্থ বলিয়া মর্ম্ম গ্রহণ করিয়াছেন এবং তওরাত ও ইঞ্জিল সম্বন্ধে লিখিয়াছেন যে, এগুলির বিশেষ করিয়া নাম লওয়া ইহাদের বৈশিষ্ট্য ও মাহাত্ম্যেরই জন্য।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

أَنْ آمِنُوا بِي وَبِرَسُولِي قَالُوا آمَنَّا وَاشْهَدْ بِأَنَّنَا مُسْلِمُونَ ○

আন্ আ-মেনূ বী অবেরাছূলী, কা-লূ— আ-মান্না- অশ্‌হাদ্ বেআন্নানা- মোছ্‌লেমূন্।

যে আমার প্রতি ও আমার রছুলের (অর্থাৎ ঈছার) প্রতি ঈমান লইয়া আইস, তখন তাহারা বলিল আমরা ঈমান আনিয়াছি আর (হে আল্লাহ্ !) আপনি এ-বিষয়ে সাক্ষী (থাকুন) যে আমরা অনুগত বান্দা। (৪২)

إِذْ قَالَ الْحَوَارِيُّونَ يَا عِيسَى ابْنَ مَرْيَمَ هَلْ يَسْتَطِيعُ رَبُّكَ

এজ্ কা-লাল্ হাও-রীইউ্না ইয়া- ঈছাব্না মার্ইয়্যামা হাল্ ইয়্যাছ্তাত্বীয়ো রাব্বোকা

হে রছুল ! এই ঘটনার কথা লোকদিগের জানাইয়া দাও যে) যখন হাওয়ারীগণ প্রার্থনা করিয়াছিল হে মরিয়মের পুত্র ঈছা তোমার প্রতিপালকের দ্বারা হইতে পারিবে কি

أَنْ يُنَزِّلَ عَلَيْنَا مَائِدَةً مِنَ السَّمَاءِ قَالَ اتَّقُوا اللَّهَ

আঁই ইয়োনাযযেলা আলায়্না- মা-এ—দাতাম্ মেনাছ্ছামা—এ, কা-লাত্তাকোল্লা-হা

যে আমাদের প্রতি আকাশ হইতে একটী (আহারীয় দ্রব্যপূর্ণ) থাঞ্চা নাজেল করেন, (তখন ঈছা) বলিল (তোমরা) আল্লাহ্‌কে ভয় কর

إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ○ قَالُوا نُرِيدُ أَنْ نَأْكُلَ مِنْهَا وَتَطْمَئِنَّ

ইন্ কুন্তুম্ মো'মেনীন্।　　কা-লূ নোরীদো আন্না-কোলা মেন্‌হা- অতাত্ব্‌মাএন্না

যদি তোমরা (আল্লার কোদরত ও আমার নবুয়তের প্রতি) ঈমান আনিয়া থাক (আর এরূপ অযথা ফরমাইশ করিও না যাহাতে একপ্রকার পরীক্ষা গ্রহণের উদ্দেশ্যে বুঝাইতেছে)। উহারা (হাওয়ারীগণ) বলিল (আমাদের উদ্দেশ্য পরীক্ষা গ্রহণ নহে বরং) আমরা চ্ছা করি যে (তাবার্রাক জ্ঞানে) উহা (ঐ থাঞ্চা) হইতে (কিছু) ভক্ষণ করি এবং শান্তিলাভ করে

قُلُوبُنَا وَنَعْلَمَ أَنْ قَدْ صَدَقْتَنَا وَنَكُونَ عَلَيْهَا

কোলূবোনা- অনা'লামা আন্ কাদ্ ছাদাক্‌তানা অনাকূনা আলায়্‌হা-

আমাদের অন্তঃকরণগুলি (তোমার নবুয়ত দ্বারা সম্পূর্ণভাবে) আর আমরা (অভিজ্ঞতা দ্বারা) জানিয়া লই যে নিঃসন্দেহ (হে ঈছা, তুমি) আমাদের সম্মুখে (রেছালতের) সত্য দাবী করিয়াছ আর আমরা উহার (তোমার থাঞ্চারূপ মো'জেযার) উপর

مِنَ الشَّاهِدِينَ ○ قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ اللَّهُمَّ رَبَّنَا أَنْزِلْ

মোনাশ্‌শা-হেদীন্।　কা-লা ঈছাব্‌নো মার্ইয়্যামাল্লা-হোম্মা রাব্বানা— আন্‌যেল্

সাক্ষী থাকি। (ইহাতে) মরিয়মের পুত্র ঈছা দোয়া করিল হে আমাদের প্রতিপালক নাজেল করুন

(৪২) মূলতঃ "হাওয়ারী"র অর্থ—'রজক'। হজরত ঈছার লোকজন এজন্য "হাওয়ারী" নামে খ্যাত হইয়াছিল যে, উহাদের মধ্যে ধোপাও ছিল। রজক অর্থাৎ ধোপার কার্য্য বা পেষা কাপড় কাচা, কাপড়ের ময়লা দূরীকরণ করা। সম্ভবতঃ খৃষ্টানদিগের মধ্যে এই জন্যই এ-প্রথা চলিয়া আসিতেছে যে, কাহাকেও খৃষ্টান ধর্ম্মে দীক্ষিত করার অগ্রে তাহাকে গোছল (ধৌত) করানো কিম্বা তাহার প্রতি পানি ছিটানো হয়।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ تَكُوْنُ لَنَا عِيْدًا لِّأَوَّلِنَا

আলায়্‌না- মা—এদাতাম্‌ মেনাছ্‌ ছামা—এ তাকুনো লানা- ঈদাল্‌-লেআও্‌ অলেনা-

আমাদের প্রতি আকাশ হইতে (খাদ্য-দ্রব্যপূর্ণ) একটী খাঞ্চা (আর সেই খাঞ্চার অবতরণ) ঈদ (অর্থাৎ আনন্দদায়ক) স্থিরীকৃত হয় আমাদের অগ্রবর্ত্তী

وَاٰخِرِنَا وَاٰيَةً مِّنْكَ ج وَارْزُقْنَا وَاَنْتَ خَيْرُ الرّٰزِقِيْنَ ○

অ আ-খেরেনা- অ আ-ইয়্যাতাম্‌ মেন্‌কা, অর্‌যোক্‌না- অ আন্তা খায়্‌রোর্‌রা-যেক্বীন্‌।

আমাদের ও পশ্চাৎবর্ত্তীগণের (সকলেরই) জন্য আর (উহা) আপনার পক্ষ হইতে (আমাদের জন্য আপনার কোদরতের একটী) নিদর্শন (হয়), আর আমাদিগকে (আপনার করুণা-খাঞ্চা হইতে) রুজী প্রদান করুন আর আপনিই সকল রুজীদাতার মধ্যে শ্রেষ্ঠ (রুজী-দাতা)।

قَالَ اللّٰهُ اِنِّىْ مُنَزِّلُهَا عَلَيْكُمْ ج فَمَنْ يَّكْفُرْ بَعْدُ

ক্বালাল্লা-হো ইন্নী মোনায্‌যেলোহা- আলায়কুম্‌, ফামাই ইয়্যাক্‌ফোর্‌ বা'দো

আল্লাহ্‌ ফরমাইলেন (আচ্ছা,) নিশ্চয় আমি উহা তোমাদের প্রতি নাজেল করিব, অপিচ তোমাদের যে কেহ অতঃপর (ও আমার খোদায়ীর) এন্‌কার

مِنْكُمْ فَاِنِّىْٓ اُعَذِّبُهٗ عَذَابًا لَّآ اُعَذِّبُهٗٓ اَحَدًا مِّنَ

মেন্‌কুম্‌ ফাইন্‌নী— ওআজ্জেবোহু আজা-বাল্‌ লা— ওআজ্জেবোহু—আহাদাম্‌ মেনাল্‌-

করিবে তাহা হইলে আমি তাহাকে (এরূপ) কঠোর আজাবের শাস্তি দিব যে তদ্রূপ শাস্তি দিব না সারা দুনিয়ার

ع ১৫ / ৫ রুকু الْعٰلَمِيْنَ ع وَاِذْ قَالَ اللّٰهُ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ ءَاَنْتَ قُلْتَ

আ-লামীন্‌। ع অএজ্‌ ক্বা-লাল্লা-হো ইয়্যা- ঈছাব্‌না মার্‌ইয়্যামা আআন্তা ক্বোল্‌তা

কাহাকেও। আর (কেয়ামত-দিবস এ-ব্যাপারেও সম্মুখে আসিবে যে, সে-দিবস) আল্লাহ্‌ যখন (ঈছাকে) জিজ্ঞাসা করিবেন হে মরিয়মের পুত্র ঈছা তুমি কি বলিয়াছিলে

لِلنَّاسِ اتَّخِذُوْنِىْ وَاُمِّىَ اِلٰهَيْنِ مِنْ دُوْنِ اللّٰهِ ط قَالَ سُبْحٰنَكَ

লিন্না-ছেত্তাখেজুনী অওম্মেইয়্যা এলা-হায়্‌নে মেন্‌ দূনিল্লা-হ্‌। ক্বা লা ছোব্‌হা-নাকা

লোকদিগকে যে (তোমরা) আমাকে ও আমার মাতাকে(ও) দুই জন খোদা মান্য কর আল্লার ছাড়া (তখন ঈছা) আরজ করিবে (হে প্রভো !) আপনি পবিত্র

مَا يَكُوْنُ لِىْٓ اَنْ اَقُوْلَ مَا لَيْسَ لِىْ ق بِحَقٍّ ط

মা- ইয়্যাকুনো লী— আন্‌ আকুলা মা- লায়্‌ছা লী, বেহাক্কে।

আমার দ্বারা ইহা কি প্রকারে সম্ভব যে আমি (আপনার সম্বন্ধে) এরূপ কথা বলি যাহা বলিবার আমার (কিছুমাত্র) অধিকার নাই ;

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

إِنْ كُنْتُ قُلْتُهُ فَقَدْ عَلِمْتَهُ ط تَعْلَمُ مَا فِي نَفْسِي

ইন্ কোন্তো কোল্‌তোহু ফাক্বাদ্ আলেম্‌তোহ্। তা'লামো মা- ফী নাফ্‌ছী

আমি যদি উহাদিগকে এরূপ বলিয়া থাকি তবে (আমার) সে উক্তি নিশ্চয়ই আপনার জানা আছে, (কারণ) আপনি (ত) আমার অন্তঃকরণ (পর্য্যন্ত)-এর বিষয় জ্ঞাত

وَلَا أَعْلَمُ مَا فِي نَفْسِكَ ط إِنَّكَ أَنْتَ عَلَّامُ الْغُيُوبِ ○

অলা— আলামো মা- ফী নাফ্‌ছেক্। ইন্নাকা আন্তা আল্লা-মোল্-গোইউব্।

আর আমি আপনার অন্তঃকরণের বিষয় জ্ঞাত নহি, গোপন তত্ত্বাবলী আপনিই বিশেষরূপ জ্ঞাত।

مَا قُلْتُ لَهُمْ إِلَّا مَا أَمَرْتَنِي بِهِ أَنِ اعْبُدُوا اللّٰهَ رَبِّي

মা- কোল্‌তো লাহুম্ ইল্লা- মা— আমার্‌তানী বেহী— আনে'বোদোল্লা-হা রাব্বী

আপনি আমাকে যে আদেশ করিয়াছিলেন তাহাই মাত্র আমি উহাদিগকে শুনাইয়াছিলাম যে তোমরা আল্লার এবাদৎ কর যিনি আমার পালক

وَرَبَّكُمْ ج وَكُنْتُ عَلَيْهِمْ شَهِيدًا مَا دُمْتُ فِيهِمْ ج فَلَمَّا

অরাব্বাকুম্, অকোন্তো আলায়্‌হিম্ শাহীদাম্- মা- দোম্‌তো ফী-হিম্, ফালাম্মা-

এবং তোমাদের (সকলেরই) পালক, আর যে পর্য্যন্ত আমি ইহাদের মধ্যে (মওজুদ) ছিলাম আমি ইহাদের (অবস্থার) পর্য্যবেক্ষক ছিলাম, তারপর যখন আপনি

تَوَفَّيْتَنِي كُنْتَ أَنْتَ الرَّقِيبَ عَلَيْهِمْ ط وَأَنْتَ عَلَىٰ كُلِّ شَيْءٍ

তাঅফ্‌ফায়্‌তানী কোন্তা আন্তার্‌রাকীবা আলায়্‌হিম্। অআন্তা আলা- কুল্লে শায়্‌এন্

আমাকে (দুনিয়া হইতে) উঠাইয়া লইলেন তখন আপনিই ইহাদের প্রহরী ছিলেন, আর আপনিই সকল বস্তুর

شَهِيدٌ ○ إِنْ تُعَذِّبْهُمْ فَإِنَّهُمْ عِبَادُكَ ج وَإِنْ تَغْفِرْ لَهُمْ

শাহীদ্। ইন্ তোআজ্জেব্‌হুম্ ফাইন্নাহুম্ এবা-দোক্, অইন্ তাগ্‌ফির্ লাহুম্

তথ্য রাখেন। আপনি যদি উহাদিগকে শাস্তি প্রদান করেন (তাহা আপনার অধিকার আছে) উহারা আপনারই বান্দা, আর যদি আপনি উহাদিগকে ক্ষমা করেন

فَإِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ ○ قَالَ اللّٰهُ هٰذَا يَوْمُ

ফাইন্নাকা আন্তাল্-আযীযোল্-হাকীম। কা-লাল্লা-হো হা-জা- ইয়্যাওমো

তবে (কেহই আপনার হস্তধারণ করিতে সক্ষম নহে, কারণ) নিঃসন্দেহ আপনি(ই সকলের প্রতি) প্রভাবান্বিত (এবং) মহিমাময়। (ঈছার এ-আরজ শ্রবণে) আল্লাহ্ ফরমাইবেন এই (অঙ্গীকার) দিনই

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

يَنْفَعُ الصّٰدِقِيْنَ صِدْقُهُمْ ط لَهُمْ جَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا

ইয়্যান্‌ফাওছ্‌ছা-দেক্বীনা ছেদ্‌কোহুম্। লাহুম্ জান্নাতোন্ তাজ্‌রী মেন্ তাহ্‌তেহাল্

সঠিক বান্দাগণের তাহাদের সত্যতা ফল প্রদান করিবে, তাহাদের জন্য (বেহেশ্‌তের) বাগান হইবে বহিতে থাকিবে যাহার নিম্নদেশ দিয়া

الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ط رَضِيَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ط

আন্‌হা-রো খা-লেদীনা ফী-হা— আবাদা-। রাদ্বেইয়াল্লা-হো আন্‌হুম্ অরাদ্বু আন্‌হু।

প্রণালী সকল (আর তাহারা) উহাতে (চির) চিরকাল বাস করিবে, আল্লাহ্ তাহাদের প্রতি সন্তুষ্ট আর তাহারা আল্লার প্রতি সন্তুষ্ট,

ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ٥ لِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ

জা-লেকাল্ ফাওযোল্ আজীম্। লিল্লা-হে মোল্‌কোছ্‌ছামা-অ-তে আল্-আরদ্বে

ইহা বৃহত্তর সফলতা। আল্লারই আধিপত্য আছমান ও জমীনে

৫/১৬/৬ রুকু وَمَا فِيْهِنَّ ط وَهُوَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ

অমা- ফী হিন্না। অহুঅ আলা-কুল্লে শায়্‌এন্ ক্বাদীর। ৫

আর যাহা কিছু এতদুভয়ের মধ্যে রহিয়াছে, আর তিনি প্রত্যেক বস্তুর উপর ক্ষমতাবান।

ছুরা—আন্‌আ-ম্ মক্কায় অবতীর্ণ।	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ٥ বিছ্‌মিল্লা-হির্‌রাহ্‌মা-নির্‌রাহীম্। অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।	এই ছুরায় ২০ রুকু ও ১৬৫ আয়ত।

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَجَعَلَ

আল্-হাম্‌দো লিল্লা-হিল্লাজী খালাক্বাছ্ ছামা-অ-তে অল্-আর্‌দ্বা- অজ্জাআলাজ্-

সমষ্টি প্রশংসা আল্লারই (উপযুক্ত) যিনি আকাশসমূহকে সৃজন করিয়াছেন এবং ভূমণ্ডলকে (ও) আর (যিনি) করিয়াছেন

الظُّلُمٰتِ وَالنُّوْرَ ط ثُمَّ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ يَعْدِلُوْنَ ٥ هُوَ الَّذِيْ

জোলোমা-তে অন্-নূর্। সুম্মাল্লাজীনা কাফারু বেরাব্বেহীম্ ইয়্যা'দেলূন্। হুঅল্লাজী

অন্ধকার এবং আলোক(ও), (১) তথাপি কাফেরগণ (আল্লার ছাড়া অন্যান্য বস্তুকে) নিজেদের পালন কর্তার সহিত সমকক্ষতার পর্য্যায়ভুক্ত গণ্য করিয়া থাকে। তিনিই (সাধারণ ক্ষমতাবান) যিনি

(১) "অন্ধকার" ও "আলোক" পরস্পর বিরোধী বস্তু। "অন্ধকার" কয়েক প্রকার যথা—রাত্রের অন্ধকার, ঘনঘটাপূর্ণ মেঘের অন্ধকার, গ্রহণজনিত অন্ধকার, কৃত্রিম অন্ধকার ইত্যাদি ইত্যাদি। স্তকি প্রকৃত প্রস্তাবে সর্ব্বাপেক্ষা ভয়াবহ অন্ধকার হইতেছে পথভ্রষ্টতা। সম্ভবতঃ তন্নিমিত্তই এস্থলে উহাকে "জোলমাত" (অর্থাৎ ভয়ঙ্কর অন্ধকার) বলিয়া উল্লেখ করা হইয়াছে। আর "আলোক", যাহা হেদাএত অর্থাৎ সুপথ-প্রাপ্তি, তাহা একই।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

خَلَقَكُمْ مِنْ طِينٍ ثُمَّ قَضَىٰ أَجَلًا ۖ وَأَجَلٌ مُسَمًّى عِنْدَهُ

খলাক্বাকুম্ মেন্ ত্বীনেন্ সুম্মা ক্বাদ্বা- আজ্বালা। অ আজ্বালোম্-মোছাম্মান্ এন্দাহূ

(হে মানব ! তোমাদিগকে মৃত্তিকা হইতে সৃজন করিয়াছেন। তৎপর (প্রত্যেকের জন্য জীবন ধারণের) এক নির্দ্দিষ্টকাল ধার্য্য করিয়া দিয়াছেন, আর এক নির্দ্দিষ্টকাল (কেয়ামতের রহিয়াছে যাহার সময় কাহারও জানা নাই কিন্তু) তাঁহার নিকট স্থিরিকৃত রহিয়াছে

ثُمَّ أَنْتُمْ تَمْتَرُونَ ○ وَهُوَ اللَّهُ فِي السَّمَاوَاتِ وَفِي الْأَرْضِ ۖ

সুম্মা আন্তুম্ তাম্তারূন্। অহুঅল্লা-হো ফিছ্ছামা-অ-তে অফিল্-আর্দ্ব্।

তত্রাচও তোমরা (তাঁহার প্রভুত্বে) সন্দেহ করিতেছ। আর (কি) আকাশসমূহে এবং (কি) ভূমণ্ডলে তিনিই আল্লাহ্ (উপাস্য).

يَعْلَمُ سِرَّكُمْ وَجَهْرَكُمْ وَيَعْلَمُ مَا تَكْسِبُونَ ○ وَمَا تَأْتِيهِمْ

ইয়্যা'লামো ছের্রাকুম্ অজ্বাহ্রাকুম্ অইয়্যালামো মা- তাক্ছেবূন্। অমা- তা'তীহিম্

যাহা কিছু তোমরা গোপনে বলিয়া থাক (তাহা) আর যাহা কিছু প্রকাশ্যে বলিয়া থাক (তাহা) তাঁহার (সমুদয়ই) জানা আছে আর তোমরা যাহা কিছু করিতেছ (সে সমুদয়ও) তাঁহার জানা আছে। আর উপস্থিত হয় না উহাদের সম্মুখে

مِنْ آيَةٍ مِنْ آيَاتِ رَبِّهِمْ إِلَّا كَانُوا عَنْهَا مُعْرِضِينَ ○

মেন্ আ-য়্যা-তেম্ মেন্ আ-ইয়্যা-তে রাব্বেহিম্ ইল্লা- কা-নূ আন্হা- মো'রেদ্বীন্।

উহাদের পালন কর্ত্তার (একত্বের) দলীলসমূহের মধ্য হইতে কোন দলীল পরন্তু তাহা হইতে (উহারা) মুখ ফিরাইয়াই লইয়া থাকে।

فَقَدْ كَذَّبُوا بِالْحَقِّ لَمَّا جَاءَهُمْ ۖ فَسَوْفَ يَأْتِيهِمْ أَنْبَاءُ

ফাক্বাদ্ কাজ্জাবূ বিল্-হাক্কে লাম্মা- জ্বা—আহুম্। ফাছাওফা ইয়্যা'তীহিম্ আম্বা—ও

মৃত্যু অর্থাৎ সম্পূর্ণরূপে প্রাণ হরণ করার যে যে শব্দ আমরা অনুবাদে ব্যবহার করিয়াছি, উপর্য্যুক্ত আয়তে ঐ শব্দসমূহের মর্ম্ম সুস্পষ্টভাবে বুঝাইয়া দেওয়া হইয়াছে।

(১৯) অন্ধকারও একপ্রকারের শাস্তি যাহার ফলে দুনিয়ার কাজ কারবার বন্ধ হইয়া যায়। অন্ধকার কয়েকপ্রকার, যথা—রাত্রের মামুলী অন্ধকার, মেঘ, বৃষ্টি ও গ্রহণজনিত অন্ধকার, জুলুমের অন্ধকার আর সর্ব্বাপেক্ষা ভয়ঙ্কর কবরের অন্ধকার। এস্থলে অন্ধকার অর্থে—বিপদ, শাস্তি।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

تُشْرِكُوْنَ ○ قُلْ هُوَ الْقَادِرُ عَلٰٓى اَنْ يَّبْعَثَ عَلَيْكُمْ

তোশ্‌রেকূন্‌। কোল্‌ হুঅল্‌ ক্বা-দেরো আলা— আঁই ইয়্যাব্‌আসা আলায়্‌কুম্‌

(আল্লার) অংশী স্থির করিতেছ। (হে নবী ! ইহাদিগকে) বল যে সেই (আল্লাহ্‌)ই এ-বিষয়ে ক্ষমতাবান যে তোমাদের প্রতি প্রেরণ করেন

عَذَابًا مِّنْ فَوْقِكُمْ اَوْ مِنْ تَحْتِ اَرْجُلِكُمْ اَوْ يَلْبِسَكُمْ

আজা-বাম্‌ মেন্‌ ফাওক্বেকুম্‌ আও্‌ মেন্‌ তাহ্‌তে আর্‌জোলেকুম্‌ আও্‌ ইয়্যাল্‌বেছাকুম্‌

(কোন) শাস্তি তোমাদের উর্দ্ধে (দিক) হইতে অথবা তোমাদের পদতল (অর্থাৎ নিম্ন) হইতে কিম্বা তোমাদিগকে দ্বন্দ্বে লিপ্ত করিয়া মারেন

شِيَعًا وَّيُذِيْقَ بَعْضَكُمْ بَاْسَ بَعْضٍ ط اُنْظُرْ كَيْفَ نُصَرِّفُ الْاٰيٰتِ

শেয়্যাআঁও অইয়্যোজীকা বা'দ্বাকুম্‌ বা'ছা বা'দ্ব্‌। ওন্‌জোর্‌ কায়ফা নোছার্‌রেফোল্‌ আ-য়্যা-তে

(পরস্পর বিরোধী) দলে দলে (বিচ্ছিন্ন) করিয়া আর তোমাদের কাহারও কাহারও যুদ্ধের আস্বাদ গ্রহণ করান, (হে রছুল !) দেখ কিরূপ (কিরূপ) ভাবে আমি ফিরাইয়া ঘুরাইয়া (নিজের) আয়তগুলি বর্ণনা করিতেছি

لَعَلَّهُمْ يَفْقَهُوْنَ ○ وَكَذَّبَ بِهٖ قَوْمُكَ وَهُوَ الْحَقُّ ط

লাআল্লাহুম্‌ ইয়্যাফ্‌কাহূন্‌। অ কাজ্জাবা বেহী- ক্বাও্‌মোকা অহুঅল্‌ হাক্‌ক্বো।

যাহাতে ইহারা বুঝে। আর মিথ্যা জানিয়াছে ইহা (কোরআন)কে (হে মোহাম্মদ !) তোমার সম্প্রদায় অথচ উহা বরহক (কেতাবে),

---

قُلْ لَّسْتُ عَلَيْكُمْ بِوَكِيْلٍ ○ لِكُلِّ نَبَاٍ مُّسْتَقَرٌّ وَّسَوْفَ

ক্বোল্‌ লাছতো আলায়্‌কুম্‌ বেঅকীল্‌। লেকুল্লে নাবাএম্‌ মোছ্‌তাকার্‌রোঁও—অছাও্‌ফা

(হে নবী ! ইহাদিগকে) বল যে আমি তোমাদের প্রতি (পর্য্যবেক্ষকের) ক্ষমতাধারী নই (যে তোমাদিগকে কুফরী করিতে বাধা দিব)। প্রত্যেক তথ্যের (পরীক্ষার) এক (বিশেষ) সময় নির্দ্ধারিত রহিয়াছে—আর কিছুদিন গতে(ই)

تَعْلَمُوْنَ ○ وَاِذَا رَاَيْتَ الَّذِيْنَ يَخُوْضُوْنَ فِيْٓ اٰيٰتِنَا فَاَعْرِضْ عَنْهُمْ

তা'লামূন্‌। অএজা- রাআয়্‌তাল্‌লাজীনা ইয়্যাখূদূনা ফী-- আ-ইয়্যা-তেনা- ফাআ'রেদ্ব্‌ আন্‌হুম

(আমার নবী হওয়ার সত্যতা তোমরা) জানিতে পারিবে। (২০) আর যখনই এরূপ লোক তোমার দৃষ্টিগোচর হয় যাহারা আমার আয়তগুলির পিছনে লাগিয়া থাকে তবে তাহাদের (নিকট) হইতে (তুমি) সরিয়া যাইও

---

(২০) অর্থাৎ আমার কার্য্য—তোমাদিগকে আল্লার নির্দ্দেশ পৌঁছিয়া দেওয়া, আমি তোমাদের ঈমানের জেম্মাদার নহি। কেয়ামতের অবস্থা এবং দুনিয়া ও পরকাল-শাস্তি সম্বন্ধে যে ভবিষ্যদ্বাণী আমি আল্লার আদেশক্রমে করিতেছি, তাহা তাহার সঠিক সময়ে ঘটিবেই। তোমাদের ক্ষিপ্রকারিতার জন্য নির্দ্ধারিত সময়ের অগ্রে তাঁহার সংঘটন সম্ভব নহে। সংঘটনকালে তোমরা বুঝিতে পারিবে যে, যাহা আমি তোমাদিগকে বলিতাম, তাহার সমস্তই সত্য।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

حَتّٰى يَخُوْضُوْا فِيْ حَدِيْثٍ غَيْرِهٖ ۚ وَاِمَّا يُنْسِيَنَّكَ الشَّيْطٰنُ

হাত্তা- ইয়্যাখূদ্বূ ফী হাদীসেন্ গায়্রেহ্। অ এম্মা- ইয়োন্‌ছেয়্যান্নাকাশ্ শায়ত্বা-নো

সেই সময় পর্য্যন্ত যে আমার আয়তগুলির ছাড়া অন্য আলোচনায় লিপ্ত হয়, আর যদি (আমার এই উপদেশ কখনও) শয়তান তোমাকে ভুলাইয়া দেয়

فَلَا تَقْعُدْ بَعْدَ الذِّكْرٰى مَعَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝ وَمَا عَلَى الَّذِيْنَ

ফালা- তাক্‌ওদ্ বা'দা'জ্‌জেক্‌রা- মাআল্ কাওমেজ্জা-লেমীন। অমা- আলাল্ লাজীনা

তবে স্মরণ হওয়ার পর (এরূপ) জালেম লোকের সঙ্গে (কিছুতেই) বসিও না। আর যদিও নাই তাহাদিগের উপর যাহারা

يَتَّقُوْنَ مِنْ حِسَابِهِمْ مِّنْ شَيْءٍ وَّلٰكِنْ ذِكْرٰى لَعَلَّهُمْ

ইয়্যাত্তাকূনা মেন্ হেছা-বেহিম্ মেন্ শায়্‌এঙ্ অলা-কেন্ জেক্‌রা- লাআল্লাহুম্

পরহেজগার এরূপ লোকদিগের (আমলের) হিসাবের কোনও কিছু জেম্মাদারী কিন্তু (তত্রাচ ইহাদিগকে) উপদেশ দান (একান্ত কর্ত্তব্য) যাহাতে

يَتَّقُوْنَ ۝ وَذَرِ الَّذِيْنَ اتَّخَذُوْا دِيْنَهُمْ لَعِبًا وَّلَهْوًا

ইয়্যাত্তাকূন। অজারিল্লাজীনাত্তাখাজূ দীনাহুম্ লাএবাঙ্ অ লাহ্‌অঙ্

(তৎফলে) ইহারা(ও) পরহেজগারী অবলম্বন করে। আর (হে মোহাম্মদ! তাহাদিগকে তাহাদেরই অবস্থার উপর) ছাড়িয়া দাও যাহারা নিজেদের দীনকে খেলা ও তামাশা মনে করিয়াছে

وَّغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا وَذَكِّرْ بِهٖۤ اَنْ تُبْسَلَ نَفْسٌ بِمَا

অ গার্রাৎ-হোমোল্ হায়্যা-তোদ্দোনয়্যা- অ-জাক্কের্ বেহী-- আন্ তোবছালা নাফ্‌ছোম্ বেমা-

আর ধোকায় ফেলিয়া রাখিয়াছে তাহাদিগকে দুনিয়ার জেন্দেগানী আর (সুযোগ সময়ে) কোরআনের দ্বারা বুঝাইবে যেন (এরূপ না হয় যে কেয়ামত-দিবসে) কেহ বিপদগ্রস্ত হইয়া পড়ে নিজের

كَسَبَتْ ۖ لَيْسَ لَهَا مِنْ دُوْنِ اللّٰهِ وَلِيٌّ وَّلَا شَفِيْعٌ ۚ وَاِنْ تَعْدِلْ

কাছাবাৎ, লায়ছা লাহা- মেন্ দুনিল্লা-হে অলীইয়্যোঙ্ অলা- শাফীয়ো, অ ইন্ তা'দেল্

কর্ম্মফলে, (কারণ তখন) তাহার জন্য আল্লার ছাড়া কেহ তাহার বন্ধু এবং ছোপারেশকারী থাকিবে না। আর যদি তৎসমুদয়ও প্রদান করে

كُلَّ عَدْلٍ لَّا يُؤْخَذْ مِنْهَا ۗ اُولٰٓئِكَ الَّذِيْنَ اُبْسِلُوْا بِمَا كَسَبُوْا ۚ

কুল্লা আদ্‌লেল্ লা- ইয়ো'খাজ্ মেন্‌হা-। উলা—একাল্ লাজীনা ওব্‌ছেলু বেমা- কাছাবূ

যত বিনিময় (অর্থাৎ এওজ) প্রদান সম্ভবপর তত্রাচ (কোন বিনিময় অর্থাৎ এওজ) তাহা হইতে গ্রহণ করা হইবে না, ইহারাই সেই লোক যাহারা (নিজেদের) কৃতকার্যের দরুণ বিপদগ্রস্ত হইয়াছে

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

৫ لَهُمْ شَرَابٌ مِّنْ حَمِيمٍ وَّعَذَابٌ اَلِيْمٌ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ ۵

৮/১৪ লাহুম্ শারা-বোম্ মেন্ হামীমেঙ্ অ আজা-বোন্ আলীমোম্ বেমা- কা-নূ ইয়্যাক্‌ফোরূন্। ৫

রুকু পানের জন্য উহাদিগকে ফুটন্ত পানি (মিলিবে) এবং যন্ত্রণাদায়ক শাস্তি রহিয়াছে যেহেতু উহারা কোফরী করিত।

قُلْ اَنَدْعُوْا مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُنَا وَلَا يَضُرُّنَا

ক্বোল্ আনাদ্‌উ মেন্ দূনিল্লা-হে মা- লা- ইয়্যান্‌ফায়োনা- অলা- ইয়্যাদ্বোর্‌রোনা-

(হে মোহাম্মদ! উহাদিগকে) জিজ্ঞাসা কর আমরা (অর্থাৎ মুছলমানরা) কি আল্লার ছাড়া (সেই ঝুটা মা'বুদকে নিজেদের সাহায্যের জন্য) ডাকিব যে (ঝুটা মা'বুদ) আমাদের (কিছুমাত্র) উপকার(ও) করিতে পারে না এবং আমাদের (কিছুমাত্র) অপকার(ও) করিতে পারে না

وَنُرَدُّ عَلٰۤى اَعْقَابِنَا بَعْدَ اِذْ هَدٰىنَا اللّٰهُ كَالَّذِى اسْتَهْوَتْهُ

অনোরাদ্দো আলা-- আ'ক্বা-বেনা বা'দা এজ্ হাদা-নাল্লা-হো কাল্লাজেছ্ তাহ্‌অৎহোশ্-

আর আমরা কি উল্টা পায়ে (কোফরীর দিকে) ঘুরিয়া যাইব আল্লাহ্ কর্ত্তৃক আমাদিগকে সুপথ দেখানোর পর(ও) সেই লোকের ন্যায় যাহাকে ভুলাইয়া লইয়া যায়

الشَّيٰطِيْنُ فِى الْاَرْضِ حَيْرَانَ لَهٗۤ اَصْحٰبٌ يَّدْعُوْنَهٗۤ اِلَى الْهُدَى ائْتِنَا

শায়্যা-ত্বীনো ফিল্-আর্‌দ্বে হায়্‌রা-না, লাহূ-- আছহাবোই ইয়্যাদ্‌উনাহূ-- এলাল্ হোদা'তেনা-।

ভূতে—(আর সেই ব্যক্তি) জঙ্গলের মধ্যে হয়রাণ (অবস্থায় যত্র-তত্র) ঘুরিতে থাকে, কতক লোক তাহার সঙ্গী থাকে তাহারা তাহাকে (অর্থাৎ সেই ভূতে ধরা লোকটীকে) সুপথের দিকে ডাকিতে থাকে যে (এদিকে) আমাদের কাছে আইস,

قُلْ اِنَّ هُدَى اللّٰهِ هُوَ الْهُدٰى ط وَاُمِرْنَا لِنُسْلِمَ

ক্বোল্ ইন্না হোদাল্লা-হে হুঅল্-হোদা-। অ অম্‌রেনা- লে-নোছ্‌লেমা

(হে নবি! উহাদিগকে) বল আল্লার প্রদর্শিত পথ উহাই সুপথ, আর আমা (মুছলমান)দিগকে (ত এই) আদেশ করা হইয়াছে যে আমরা আদেশগ্রাহী (বান্দা) হইয়া থাকি

لِرَبِّ الْعٰلَمِيْنَ ۵ وَاَنْ اَقِيْمُوا الصَّلٰوةَ وَاتَّقُوْهُ ط وَهُوَ الَّذِىْۤ

লে-রাব্বিল্ আ'-লামীন্। অ আন্ আক্বীমোছ্ ছালা-তা অত্তাক্বূহূ। অ হুঅল্লাজী—

সারা দুনিয়ার প্রভুর। আর (তিনিই আমাদিগকে ফর্মাইয়াছেন, তোমরা) নামাজ পড়িও এবং আল্লার ভয় করিতে থাকিও, আর তিনিই (সর্ব্বশক্তিমান)

اِلَيْهِ تُحْشَرُوْنَ ۵ وَهُوَ الَّذِىْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ

অলায়্‌হে তোহ্‌শারূন্। অ হুঅল্লাজী খালাক্বাছ্ ছামা-অ-তে অল্-আর্‌দ্বা

যাহার দরবারে (কেয়ামত-দিবসে তোমরা সকলে) হাজির হইবে। আর তিনিই (সর্ব্বশক্তিমান) যিনি সৃজন করিয়াছেন আকাশ ও ভূমণ্ডল

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

بِالْحَقِّ ؕ وَيَوْمَ يَقُوْلُ كُنْ فَيَكُوْنُ ؕ قَوْلُهُ الْحَقُّ ؕ

বিল্‌-হাক্‌কে। অ ইয়্যাওমা ইয়্যাকু-লো কোন্ ফাইয়্যাকূন্। কাওলোহোল্‌-হাক্‌কো।

(কোন) বিশেষ উদ্দেশ্যে, আর যে দিবস (কেয়ামত সম্বন্ধে তিনি) বলিবেন 'হইয়া যাও' (কেয়ামত) তৎক্ষণাৎ হইয়া যাইবে। তাঁহার উক্তি সত্য (অর্থাৎ কেয়ামত নিশ্চয়ই হইবে)

وَلَهُ الْمُلْكُ يَوْمَ يُنْفَخُ فِي الصُّوْرِ ؕ عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ ؕ

অলাহোল্‌-মোল্‌কো ইয়্যাওমা ইয়্যোনফাখো ফিছ্‌ছুর্। আ-লেমোল্ গায়্‌বে অশ্‌শাহাদাহ্‌

আর (সে দিবস মাত্র) তাঁহারই আধিপত্য যে দিবস ছুর (ঐশী বংশীবিশেষ)-এ ফুৎকার করা যাইবে (তিনি) গুপ্ত এবং মওজুদ (সকলেরই অবস্থা) বিষয়ে জ্ঞাতা,

---

وَهُوَ الْحَكِيْمُ الْخَبِيْرُ ۝ وَإِذْ قَالَ إِبْرٰهِيْمُ لِأَبِيْهِ آزَرَ

অ হুঅল্‌- হাকীমোল্‌-খাবীর্। অএজ্ কা-লা এব্‌রা-হীমো লেআবীহে আ-যারা

আর তিনি(ই) মহিমাময় সর্ব্বজ্ঞ। আর (হে নবী, সেই সময়ের কথা স্মরণ কর) যখন এবরাহীম তদীয় পিতা আজরকে বলিয়াছিল

أَتَتَّخِذُ أَصْنَامًا آلِهَةً ۚ إِنِّيْ أَرٰىكَ وَقَوْمَكَ

আতাত্তাখেজো আছনা-মান্ আ-লেতাহ,, ইন্নী— আরা-কা অ কাওমাকা

(হে পিতঃ) তুমি কি বোৎগুলিকে মা'বুদ (অর্থাৎ পূজাপাত্র) মানিয়া থাক, (হে পিতঃ!) আমি ত তোমাকে ও তোমার দলকে (লিপ্ত) দেখিতেছি

فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝ وَكَذٰلِكَ نُرِيْ إِبْرٰهِيْمَ مَلَكُوْتَ السَّمٰوٰتِ

ফী দ্বলা-লেম্ মোবীন্। অকাজা-লেকা নোরী-- এব্‌রা-হীমো মালাকুতাছ্ ছামা-অ-তে

সুস্পষ্ট গোমরাহীতে। আর (যদ্রূপ এবরাহীমের মনের মধ্যে আমি এই খেয়াল জাগাইয়াছিলাম) তদ্রূপই আমি রাজত্ব প্রদর্শন করিতেছিলাম এবরাহীমকে আছমান

وَالْأَرْضِ وَلِيَكُوْنَ مِنَ الْمُوْقِنِيْنَ ۝ فَلَمَّا جَنَّ عَلَيْهِ الَّيْلُ

অল্‌-আর্‌দ্বে অলে-ইয়্যাকূনা মেনাল্‌-মুক্বেনীন্। ফালাম্মা- জান্না আলায়্‌হিল্‌-লায়্‌লো

ও জমীনের—যাহাতে (এবরাহীম) পরিপক্ক বিশ্বাসকারীদিগের মধ্যে (সামিল) হয়। তারপর তাহার প্রতি যখন রাত্র (রাত্রের অন্ধকার) ছাইল

رَاٰ كَوْكَبًا ۚ قَالَ هٰذَا رَبِّيْ ۚ فَلَمَّا أَفَلَ قَالَ لَا أُحِبُّ

রাআ- কাওকাবান্, কা-লা হা-জা রাব্বী, ফালাম্মা-- আফালা কা-লা লা-- ওহেব্বোল্‌-

একটী নক্ষত্র তাহার (এবরাহীমের) দৃষ্টিগোচর হইল, (তদ্দৃষ্টে এবরাহীম) বলিতে লাগিল যে এই আমার প্রতিপালক, তৎপর যখন উহা (নক্ষত্র) ডুবিয়া গেল (তখন এবরাহীম) বলিল আমি পছন্দ করি না (খোদামান্য করিতে)

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

الْآفِلِينَ ۝ فَلَمَّا رَأَى الْقَمَرَ بَازِغًا قَالَ هَٰذَا رَبِّي ۚ فَلَمَّا

আ-ফেলীন্। ফালাম্মা- রাআল্-ক্বামারা বা-যেগান ক্বা-লা হা-জা রাব্বী, ফালাম্মা—

অস্তগমনকারী জিনিষগুলিকে। তৎপর যখন (এবরাহীম) চাঁদকে দেখিল যে খুবই চম্‌কাইতেছে (তখন) বলিতে লাগিল যে এই আমার প্রতিপালক, অনন্তর (চাঁদও) যখন

أَفَلَ قَالَ لَئِن لَّمْ يَهْدِنِي رَبِّي لَأَكُونَنَّ مِنَ الْقَوْمِ الضَّالِّينَ ۝

আফালা ক্বা-লা লাএল্লাম্ ইয়্যাহ্‌দেনী রাব্বী লাআকুনান্না মেনাল্-কাওমেদ্ব—দ্বাল্লীন।

ডুবিয়া গেল (তখন এব্‌রাহীম) বলিল আমাকে যদি আমার পালক সুপথ না দেখান তবে নিঃসন্দেহ আমি(ও) গোমরাহ্ লোকদিগের অন্তর্গত হইয়া যাইব।

فَلَمَّا رَأَى الشَّمْسَ بَازِغَةً قَالَ هَٰذَا رَبِّي هَٰذَا أَكْبَرُ ۚ

ফালাম্মা- রাআশশামছা বা-যেগাতান্ ক্বা-লা হা-জা- রাব্বী হা-জা--আক্‌বারো,

তারপর যখন (এব্‌রাহীম) সূর্য্যকে দেখিল যে (কিরণ ছটায়) ভয়ানক চম্‌কাইতেছে (তখন) বলিতে লাগিল যে এই আমার পালক এই-ই (সর্ব্বাপেক্ষা) বড়,

---

فَلَمَّا أَفَلَتْ قَالَ يَا قَوْمِ إِنِّي بَرِيءٌ مِّمَّا تُشْرِكُونَ ۝ إِنِّي

ফালাম্মা— আফালাৎ ক্বা-লা ইয়্যা-কাওমে ইন্নী বারী—ওম্ মেম্মা- তোশ্‌রেকূন। ইন্নী

তৎপর যখন (সূর্য্যও) ডুবিয়া গেল (তখন এব্‌রাহীম নিজের দলকে সম্বোধন পূর্ব্বক) বলিল যে ভ্রাতৃগণ নিশ্চয়ই আমি সম্বন্ধবিহিন সেই সকল বস্তু হইতে যাহাদিগকে তোমার (আল্লার) শরিক মান্য কর। আমিত

وَجَّهْتُ وَجْهِيَ لِلَّذِي فَطَرَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ حَنِيفًا

অজ্জাহতো অজ্‌হেইয়্যা লিল্লাজী ফাতারাছ্ ছামা-অা-তে অল্-আরদ্বা হানীফাও,

এক-এরই হইয়া নিজের মুখ তাঁহার (সেই জাত পাকের)ই দিকে করিয়াছি যিনি আকাশ ও ভূমণ্ডল সৃজন করিয়াছেন

وَمَا أَنَا مِنَ الْمُشْرِكِينَ ۝ وَحَاجَّهُ قَوْمُهُ ۚ قَالَ أَتُحَاجُّونِّي

অমা— আনা- মেনাল্-মোশ্‌রেকীন্। অহা—জ্জাহূ ক্বাওমোহূ। কা-লা আতোহা--জ্জু--ন্নী

আর (ভ্রাতৃগণ!) আমিত মোশরেকদিগের অন্তর্গত নহি। (২১) আর উহার (এব্‌রাহীমের) ওম্মতের লোকের (এই বিষয়ে) উহার (এব্‌রাহীমের) সহিত ঝগড়া লাগাইল, (তখন এবরাহীম) বলিল তোমরা কি আমার সঙ্গে ঝগড়া করিতেছ

---

(২১) হজরত এবরাহীমের নক্ষত্র, চন্দ্র ও সূর্য্যের অস্তগমন দর্শনে ইহা বলা যে, ইহাদের অস্তগমন ইহাদের আলাহ্‌তের বিপরীত। ইহার মর্ম্ম এই যে, নক্ষত্র, চন্দ্র ও সূর্য্য নাচার—অন্য কাহারও ইচ্ছার অধীন। যাহারা নিজেরাই নাচার অর্থাৎ অন্য কাহারও ইচ্ছার অধীন, তাহারা খোদা হইতে পারে না।

৮০

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

فِي اللّٰهِ وَقَدْ هَدٰنِ ط وَلَآ اَخَافُ مَا تُشْرِكُوْنَ بِهٖٓ اِلَّآ

ফিল্লা-হে অক্বাদ্ হাদা-ন্। অলা— আখা-ফো মা- তোশ্‌রেকূনা বেহী— ইল্লা—
আল্লার (একত্ব) সম্বন্ধে (?) অথচ তিনি আমাকে (নিজের একত্বের) সুপথ দেখাইয়াছেন, আর আমি ত (কিছুই) ভয় করি না যাহাদের (যে সকল বোৎকে) তোমরা তাহার (লা-শারিক আল্লার) শরিক মান্য করিতেছ (অর্থাৎ তোমাদের মানিত বোৎ "আমার কিছু ক্ষতি করিবে" এ ভয় আমি করি না) কিন্তু

اَنْ يَّشَآءَ رَبِّيْ شَيْـًٔا ط وَسِعَ رَبِّيْ كُلَّ شَيْءٍ عِلْمًا ط اَفَلَا

আই ইয়্যাশা—অরা রাব্বী শায়্আ-। অছেআ রাব্বী কোল্লা শায়্এন্ এল্‌মা-। আফালা
আমার প্রভু (যদি আমার) কিছু (অনিষ্ট করিতে) ইচ্ছা করেন ত (তাঁহার মর্জ্জী), আমার প্রভু ত এলেমের দিক দিয়া সর্ব্ব বস্তুর বেষ্টনকারী, তোমরা কি (ইহা)

تَتَذَكَّرُوْنَ ○ وَكَيْفَ اَخَافُ مَآ اَشْرَكْتُمْ وَلَا تَخَافُوْنَ اَنَّكُمْ

তাতাজাক্কারূন্। অকায়্‌ফা আখা-ফো মা- আশ্‌রাক্‌তুম্ অলা- তাখা-ফূনা আন্নাকুম্
চিন্তা কর না? আর (হে মোন্‌কেরগণ!) আমি কি প্রকারে তাহাদের ভয় করিব যে গুলিকে তোমরা (আল্লার) শরিক হইতেছ আর তোমরা যখন এ বিষয়ে (আদৌ) ভয় কর না যে

اَشْرَكْتُمْ بِاللّٰهِ مَا لَمْ يُنَزِّلْ بِهٖ عَلَيْكُمْ سُلْطٰنًا ط

আশ্‌রাক্‌তুম্ বিল্লা-হে মা-লাম্ ইয়োনায্‌যেল্ বেহী— আলায়্‌কুম্ ছোল্‌তা-নান্।
তোমরা আল্লার সহিত এরূপ বস্তুগুলির শরিক করিতেছ যাহাদের (মা'বুদ হওয়ার) কোন সার্টিফিকেট আল্লাহ্ তোমাদের প্রতি অবতরণ করেন নাই,

فَاَيُّ الْفَرِيْقَيْنِ اَحَقُّ بِالْاَمْنِ ج اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ۝ وقف النبي

ফাআ্য়্যিয়োল্-ফারীক্বায়্‌নে আহাক্‌ক্বো বিল্-আম্‌নে, ইন্ কোন্তুম্ তা'লামূন্॥
অতএব (আমার ও তোমাদের এই) দুই দলের কোন (দল্‌টী শান্তিলাভের (অর্থাৎ নিরাপদ থাকিবার) অধিক যোগ্য, যদি তোমাদের জ্ঞান থাকে (তবে তোমরা নিজেরাই বুঝিয়া লও

اَلَّذِيْنَ اٰمَنُوْا وَلَمْ يَلْبِسُوْٓا اِيْمَانَهُمْ بِظُلْمٍ اُولٰٓئِكَ

আল্‌লাজীনা আ-মানূ অলাম্ ইয়্যাল্‌বেছূ— ঈমা-নাহুম্ বেজোল্‌মেন্ উলা—একা
যাহারা (আল্লার প্রতি) ঈমান আনিয়াছে আর তাহারা নিজেদের ঈমানের জুলুমের (অর্থাৎ শের্কের) সংমিশ্রণ করে নাই এই (মত) লোক-

لَهُمُ الْاَمْنُ وَهُمْ مُّهْتَدُوْنَ ۝ وَتِلْكَ حُجَّتُنَآ اٰتَيْنٰهَآ ع ৯/১৫ রুকু

লাহুমোল্-আম্‌নো অহুম্ মোহ্‌তাদূন্। ৎ অ তিল্‌কা হোজ্জাতোনা-- আ-তায়্‌না-হা--
দিগেরই জন্য শান্তি (ও নিরাপদতা) আর এই(মত) লোকেরাই সুপথে রহিয়াছে। (২২) আর ইহা আমার দলীল যাহা আমি প্রদান করিয়াছিলাম

(২২) হাদীছে উক্ত আছে—"অত্র আয়ত নাজেল হইলে কোন ছাহাবা রছুলে-খোদাকে জিজ্ঞাসা করেন, হুজুর! আমাদের মধ্যে এরূপ কে আছে যে গোনাহের তাড়নায় অল্প কিংবা অধিক জুলুম নিজের

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

إِبْرَٰهِيمَ عَلَىٰ قَوْمِهِۦ ۚ نَرْفَعُ دَرَجَٰتٍ مَّن نَّشَآءُ ۗ إِنَّ رَبَّكَ

এব্‌রা-হীমা আলা- ক্বাও্‌মেহ্‌। নার্‌ফায়ো দারাজা-তেম্‌ মান্‌নাশা—ও। ইন্না রাব্বাকা

এবরাহীমকে তদীয় সম্প্রদায়ের প্রতি, আমি যাহাকে ইচ্ছা উচ্চ সম্মানের অধিকারী করি, (হে নবী!) নিশ্চয় তোমার পালক

حَكِيمٌ عَلِيمٌ ۝ وَوَهَبْنَا لَهُۥٓ إِسْحَٰقَ وَيَعْقُوبَ ۚ كُلًّا هَدَيْنَا ۚ

হাকীমোন্‌ আলীম্‌। অ অহাব্‌না- লাহু— এছ্‌হা-ক্বা অ ইয়্যা'কূব। কুল্লান্‌ হাদায়্‌না-

মহিমাময় (ও) জ্ঞাতা। আর আমি দিয়াছিলাম উহাকে (অর্থাৎ এবরাহীমকে) এছহাক (নামক পুত্র) এবং ইয়াকুব (নামক পৌত্র, অর্থাৎ—দুই আওলাদ), (ইহাদের) সকলকেই আমি সুপথ প্রদর্শন করিয়াছিলাম,

---

وَنُوحًا هَدَيْنَا مِن قَبْلُ ۖ وَمِن ذُرِّيَّتِهِۦ دَاوُۥدَ وَسُلَيْمَٰنَ

অনূহান্‌ হাদায়্‌না- মেন্‌ কাব্‌লো অমেন্‌ জোর্‌রীইয়্যাতেহী- দা-বূদা অ ছোলায়্‌মা-না

আর (ইহার) পূর্ব্বে নূহ্‌কে আমি সুপথ প্রদর্শন করিয়াছিলাম আর উহার বংশধর হইতে দায়ুদ ও ছোলায়মান

وَأَيُّوبَ وَيُوسُفَ وَمُوسَىٰ وَهَٰرُونَ ۚ وَكَذَٰلِكَ نَجْزِى ٱلْمُحْسِنِينَ ۝

অ আয়্‌য়ূবা অ ইউছোফা অ মূছা- অ হা-রূন্‌। অ কাজা-লেকা নাজ্‌যেল্‌-মোহ্‌ছেনীন্‌।

ও আয়্যুব ও ইউছোফ ও মূছা ও হারুণ (এ-সকল)কে (আমি সুপথ প্রদর্শন করিয়াছিলাম), আর এইরূপই আমি বিনিময় প্রদান করিয়া থাকি শুদ্ধ মনে সৎকার্য্যকারীদিগকে।

وَزَكَرِيَّا وَيَحْيَىٰ وَعِيسَىٰ وَإِلْيَاسَ ۖ كُلٌّ مِّنَ ٱلصَّٰلِحِينَ ۝

অ যাকারীয়্যা- অ ইয়্যাহ্‌ইয়্যা- অ ইছা- অ এল্‌ইয়্যা-ছ। কুল্লোম্‌ মেনাছ্‌ছা-লেহীন্‌।

আর (এইরূপই) জাকারিয়া ও য়্যাহ্‌ইয়া ও ঈছা ও ইল্‌য়্যাছকে, (কারণ ইহারা) সকলেই (আমার) নেক বান্দাগণের অন্তর্গত।

وَإِسْمَٰعِيلَ وَٱلْيَسَعَ وَيُونُسَ وَلُوطًا ۚ وَكُلًّا فَضَّلْنَا عَلَى ٱلْعَٰلَمِينَ ۝

অ এছ্‌মাঈলা অল্‌-য়্যাছাআ অ ইউনোছা অ লূত্বা। অকুল্লান্‌ ফাদ্দাল্‌না- আলাল্‌-আ-লামীন্‌।

আর এছমাঈল ও য়্যাছাআ ও ইউনোচ ও লূৎ (ইহাদের সকল)কে (ও আমি সুপথ প্রদর্শন করিয়াছিলাম), আর সকলকেই আমি শ্রেষ্ঠত্ব প্রদান করিয়াছিলাম সারা দুনিয়ার (লোকের) উপর।

আত্মার প্রতি না করে ? হুজুর ফরমাইলেন, তোমরা কি লোকমানের সেই উপদেশ শ্রবণ কর নাই যাহাতে তিনি তদীয় পুত্রকে বলিয়াছিলেন, "হে পুত্র, আল্লার শরিক করিও না, কারণ শের্ক নিশ্চয়ই (আত্মারপ্রতি) ভয়ঙ্কর জুলুম।" ফলকথা, জুলুম অর্থে—শের্ক, অনুবাদে আমরা এই অর্থই গ্রহণ করিয়াছি।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَمِنْ آبَائِهِمْ وَذُرِّيَّاتِهِمْ وَإِخْوَانِهِمْ ۚ وَاجْتَبَيْنَاهُمْ

অমেন্ আ-বা—এহিম্ অ জোর্‌রীইয়্যা-তেহিম অ এখ্‌অ-নেহিম্, অজ্‌তাবায়্‌না-হুম্

আর (কেবল ইহাদিগকেই নহে,) ইহাদের পিতৃপুরুষদিগে ও ইহাদের বংশধরদিগে ও ইহাদের ভ্রাতৃবর্গকেও, আর ইহাদিগকে আমি মনোনীত করিয়াছি

وَهَدَيْنَاهُمْ إِلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ۝ ذَٰلِكَ هُدَى اللَّهِ يَهْدِي بِهِ

অ হাদায়্‌না-হুম্ এলা- ছেরা-ত্বেম্ মোছ্‌তাক্বীম্। জা-লেকা হোদাল্লা-হে ইয়্যাহ্‌দী বেহী-

এবং ইহাদিগকে আমি (দীনের) সোজা পথ দেখাইয়াছি। ইহাই আল্লার পথ-প্রদর্শন (তিনি) এইরূপ পথ প্রদর্শন করেন

مَن يَشَاءُ مِنْ عِبَادِهِ ۚ وَلَوْ أَشْرَكُوا لَحَبِطَ عَنْهُم مَّا كَانُوا

মাঁই ইয়্যাশা—ও মেন্ এবা দেহ্। অলাও্ আশ্‌রাকু লাহাবেত্বা আন্‌হুম্ মা- কা-নূ

নিজের বান্দাগণ হইতে যাহাকে ইচ্ছা করেন, আর যদি (পয়গাম্বরগণ) শের্ক করিত তবে উহাদের হইতে নষ্ট হইয়া যাইত উহাদের

يَعْمَلُونَ ۝ أُولَٰئِكَ الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ وَالْحُكْمَ

ইয়্যা'মালূন্। উলা—একাল্‌লাজীনা আ-তায়্‌না-হুমোল্ কেতা-বা অল্-হোক্‌মা

সমুদয় আমল। ইহারা (অর্থাৎ পয়গম্বরগণ) সেই লোক যাহাদিগকে আমি কেতাব(ও) প্রদান করিয়াছিলাম এবং রাজত্ব (ও) দান করিয়াছিলাম (২৩)

وَالنُّبُوَّةَ ۚ فَإِن يَكْفُرْ بِهَا هَٰؤُلَاءِ فَقَدْ وَكَّلْنَا بِهَا قَوْمًا

অন্নবুঅতা, ফাইঁই ইয়্যাক্‌ফোর্ বেহা- হা--উলা--এ ফাক্বাদ্ অক্কাল্‌না- বেহা- ক্বাওমাল্--

এবং পয়গাম্বর (ও প্রদান করিয়াছিলাম) অতএব ইহারা (মক্কার এই কাফেরগণ) যদি উহার (অর্থাৎ উক্ত দান সমূহের) সমাদর না(ও) করে ত (কিছুই ক্ষতি নাই) আমি ঐগুলির (অর্থাৎ দান সমূহের) উপর (ইহাদের অপেক্ষা উত্তম) লোক (অর্থাৎ মুছলমান) নিযুক্ত করিয়াছি

لَّيْسُوا بِهَا بِكَافِرِينَ ۝ أُولَٰئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ ۖ فَبِهُدَاهُمُ اقْتَدِهْ ۗ

লায়্‌ছু বেহা- বেকা-ফেরীন্। উলা—একাল্লাজীনা হাদাল্লা-হো ফাবেহোদা-হোমোক্‌তাদেহ্।

যাহারা (এই কাফেরদিগের ন্যায়) উহার (অর্থাৎ দান সমূহের) মোন্‌কের নহে। ইহারা (অর্থাৎ পূর্ব্ববর্ত্তী পয়গাম্বরগণ) সেই লোক ছিল যাহাদিগকে আল্লাহ সুপথ প্রদর্শন করিয়াছিলেন অতএব (হে রছুল! তুমি) উহাদেরই তরিকার অনুসরণ কর,

---

(২৩) কোন কোন পয়গাম্বরকে আল্লাহ পয়গাম্বরীর সহিত পার্থিব রাজত্বও দান করিয়াছিলেন। যাঁহাদিগকে দান করেন নাই, তাঁহাদিগকে পয়গাম্বরীর দিক দিয়া এরূপ উচ্চসম্মান দান করিয়াছিলেন যে, তাহার তুলনায় পার্থিব রাজত্ব-সম্মানের কোনই হকীকত ছিল না।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

قُلْ لَّآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ اَجْرًا ۭ اِنْ هُوَ اِلَّا ذِكْرٰى

কোল্ লা— আছ্‌আলোকুম্ আলায়্হে আজ্‌রা। ইন্ হুঅ ইল্‌লা- জেক্‌রা-

(হে রছুল! লোকদিগকে) বল—আমি কোরআনের উপর (অর্থাৎ কোরআন শুনাইবার জন্য ত) তোমাদের কাছে (কিছু) পারিশ্রমিক চাহি না, কোরআন ত (মহামূল্য) উপদেশ

৫ ৯০/১৬ রুকু

لِلْعٰلَمِيْنَ ۝ وَمَا قَدَرُوا اللّٰهَ حَقَّ قَدْرِهٖۤ اِذْ قَالُوْا

লিল্ আ-লামীন্। ৫ অমা- ক্বাদারোল্লা-হা হ-ক্ব্‌ক্বা ক্বাদ্‌রেহী— এজ ক্বা-লূ

সারা দুনিয়াবাসী লোকের জন্য। আর আল্লার যদ্রূপ সম্মান করা উচিত ছিল (য়িহুদীগণ) তাঁহার তদ্রূপ সম্মান করে নাই (ইহারা মুছলমানদিগকে জেদের বশে) যখন বলিয়াছিল যে

مَآ اَنْزَلَ اللّٰهُ عَلٰى بَشَرٍ مِّنْ شَيْءٍ ۭ قُلْ مَنْ اَنْزَلَ الْكِتٰبَ الَّذِيْ

মা-- আন্‌যালাল্লা-হো আলা- বাশারেম্-মেন্ শায়্‌এ। কোল্ মান্ আন্‌যালাল্-কেতা-বাল্লাজী

আল্লাহ্ নাজেল করেন নাই (কোন) মানুষের প্রতি (কেতাব ভাবের) কোনও বস্তু, (হে রছুল! ইহাদিগকে) জিজ্ঞাসা কর (তবে) ঐ কেতাব (অর্থাৎ তওরাত আল্লাহ নাজেল করেন নাই ত) কে নাজেল করিয়াছে যাহা (অর্থাৎ যে কেতাব।)

جَآءَ بِهٖ مُوْسٰى نُوْرًا وَّهُدًى لِّلنَّاسِ تَجْعَلُوْنَهٗ قَرَاطِيْسَ تُبْدُوْنَهَا

জা—আ বেহী- মূছা- নূরাও অহোদাল্-লিন্না-ছে তাজ্‌আলূনাহূ ক্বারাত্বীছা তোব্‌দূনাহা-

মূছা লইয়া আসিয়াছে (? (আর উহা অর্থাৎ তওরাত) লোকদিগের জন্য নূর (অর্থাৎ আলোক, উহার ছটায় লোক পথ চলিবে) আর (ঐ তওরাত) হেদায়েত (আর) তোমরা উহার (পৃথক পৃথক) পাতা তৈরী করিয়া রাখিয়াছ তোমরা তাহা (ইহাতে তোমাদের মৎলবী অংশগুলি লোকদিগের নিকট) প্রকাশ করিয়া থাক

وَتُخْفُوْنَ كَثِيْرًا ۚ وَعُلِّمْتُمْ مَّا لَمْ تَعْلَمُوْٓا اَنْتُمْ وَلَآ اٰبَاۗؤُكُمْ ۭ

অতোখ্‌ফূনা কাসীরান্, অওল্লেমতুম্ মা- লাম্ তা'লামূ-- আন্তুম্ অলা— আ-বা—ওকুম্।

আর (উহার) বহুলাংশ (যাহা তোমাদের মতলবের বিপরীত সেগুলি) তোমরা (লোকের নিকট) গোপন কর, আর (ঐ কেতাবের দ্বারায়) তোমাদিগকে (তাহাই) শিক্ষা দেওয়া হইয়াছে যাহা তোমার (ও) জানিতে না এবং তোমাদের পিতৃপুরুষরা(ও) জানিত না,

قُلِ اللّٰهُ ۙ ثُمَّ ذَرْهُمْ فِيْ خَوْضِهِمْ يَلْعَبُوْنَ ۝ وَهٰذَا

ক্বোলিল্লা-হো—সুম্মা জার্ হুম্ ফী খাওদ্বেহিম্ ইয়্যাল্‌আবুন্। অহা-জা-

(ইহারা কি উত্তর দিবে, হে রছুল! তুমিই ইহাদিগকে) বল (যে, ঐ কেতাব) আল্লাহ্(ই নাজেল করিয়াছেন), তৎপর (দীনি বিষয়ে) ইহাদিগকে ইহাদের তর্কের মধ্যে তামাশা করিতে ছাড়িয়া দাও। আর (তওরাতের ন্যায়) ইহা (এই কোরআন)ও

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

كِتٰبٌ اَنْزَلْنٰهُ مُبٰرَكٌ مُّصَدِّقُ الَّذِىْ بَيْنَ يَدَيْهِ

কেতা-বোন্ আন্‌যাল্‌না-হো মোবা-রাকোম্ মোছদ্দেকোল্লাজী বায়্‌না ইয়্যাদায়্‌হে

অছেমানী গ্রন্থ ইহাকে আমি অবতরণ করিয়াছি বরকতবিশিষ্ট করিয়া (এই কোরআন) সত্যতা প্রতিপাদনকারী সেইগুলির যাহা (যে সকল কেতাব) ইহার (অবতরণের) পূর্ব্বে (কার মওজুদ) রহিয়াছে

وَلِتُنْذِرَ اُمَّ الْقُرٰى وَمَنْ حَوْلَهَا ؕ وَالَّذِيْنَ يُؤْمِنُوْنَ

অলেতোন্‌জেরা ওম্মাল্-কোরা- অমান্ হাও্‌লাহা। অল্লাজীনা ইয়্যো'মেনূনা

আর (হে রছুল ! আমি এই কোরআন এ-উদ্দেশ্যে নাজেল করিয়াছি) যাহাতে তুমি মক্কাবাসী ও উহার পার্শ্ববর্ত্তীগণকে (আল্লার আজাব হইতে) ভয় প্রদর্শন কর, (২৪) আর যাহারা বিশ্বাস রাখে

بِالْاٰخِرَةِ يُؤْمِنُوْنَ بِهٖ وَهُمْ عَلٰى صَلَاتِهِمْ يُحَافِظُوْنَ ۝

বিল্-আ-খেরাতে ইয়্যো'মেনূনা বেহী- অহুম্ আলা- ছলা-তেহিম্ ইয়্যোহা-ফেজূন্।

পরলোকের প্রতি তাহারা ত (নিরাপত্তে) ইহার প্রতি ঈমান আনিয়া থাকে আর তাহারা তাহাদের নামাজের(ও) লক্ষ্য রাখে (যাহাতে কাজা হইতে না পায়)।

وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ قَالَ

অমান্ আজ্‌লামো মেম্মানেফ্‌তারা- আলাল্লা-হে কাজেবান্ আও্ কা-লা

আর তাহা অপেক্ষা বড় জালেম (আর) কে হইবে যে আল্লার প্রতি মিথ্যা দোষ চাপায় কিম্বা দাবী করে যে

اُوْحِىَ اِلَىَّ وَلَمْ يُوْحَ اِلَيْهِ شَىْءٌ وَّمَنْ قَالَ سَاُنْزِلُ

উহেয়্যা এলায়্‌ইয়্যা অলাম্ ইউহা এলায়্‌হে শায়্‌ওঙ্ অমান্ কা-লা ছাওন্‌যেলো

আমার দিকে অহী আসিয়াছে অথচ তাহার দিকে কিছুমাত্রও অহী না আসিয়া থাকে আর (তাহা অপেক্ষাও বড় জালেম আর কে হইবে) যে ব্যক্তি দাবী করে যে (যদি বল তবে) আমি(ও) নাজেল করি

مِثْلَ مَآ اَنْزَلَ اللّٰهُ ؕ وَلَوْ تَرٰٓى اِذِ الظّٰلِمُوْنَ فِىْ غَمَرٰتِ الْمَوْتِ

মেস্‌লা মা-- আন্‌যালাল্লা-হ্। অলাও্ তারা-- এজেজ্জা-লেমূনা ফী গামারা-তিল্ মাও্‌তে

তদ্রূপ (কোরআন) যাহা আল্লাহ্ নাজেল করিয়াছেন, আর (হে নবী !) আক্ষেপ (যদি) তুমি (এই) জালেমদিগকে সে সময় দেখ যে মৃত্যুর বেহুশীতে (পড়িয়া রহিয়াছে)

(২৪) "ওম্মোল-কোরা"র অর্থ—"গ্রামসমূহের মাতা" বা মূল। আর মক্কা শহরের এক নাম—"ওম্মোল-কোরা।" মক্কা সারা মোছলেম জাহানের কেন্দ্রস্থল বলিয়া উহার নাম হইয়াছে—ওম্মোল-কোরা। মক্কা ও তৎপার্শ্ববর্ত্তী গ্রামসমূহের বৈশিষ্ট্যের বিষয় এজন্য উল্লেখ করা হইয়াছে যে, প্রথমতঃ এই গ্রামগুলিতেই এছলাম প্রচারিত হয় ; নচেৎ রছুলে-খোদা ত সারা জাহানের লোকদিগের দিকেই প্রেরিত।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَالْمَلٰٓئِكَةُ بَاسِطُوٓا اَيْدِيْهِمْ ۚ اَخْرِجُوٓا اَنْفُسَكُمْ ؕ اَلْيَوْمَ

অল্‌-মালা—একাতো বা-ছেত্বূ-- আয়্‌দীহিম্‌, আখ্‌রেজূ-- আন্‌ফোছাকুম্‌। আল্‌ইয়্যাওমা

আর ফেরেশ্‌তাগণ (ইহাদের জীবন বাহির করিবার জন্য ইহাদের প্রতি বিবিধ প্রকারের) দস্তদারাজী করিতেছে—(এবং বলিতে রহিয়াছে) যে নিজেদের জীবন বাহির করিয়া দাও, এক্ষণ

تُجْزَوْنَ عَذَابَ الْهُوْنِ بِمَا كُنْتُمْ تَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ غَيْرَ الْحَقِّ

তোজ্‌যাওনা আজা-বাল্‌হূনে বেমা- কোন্তুম্‌ তাকূলূনা আলাল্লা-হে গায়্‌রাল্‌-হাক্‌কে

তোমাদিগকে অপদস্থতার আজাবের শাস্তি করা হইবে যেহেতু তোমরা আল্লার প্রতি অযথা মিথ্যা বলিতে

وَكُنْتُمْ عَنْ اٰيٰتِهٖ تَسْتَكْبِرُوْنَ ۝ وَلَقَدْ جِئْتُمُوْنَا فُرَادٰى

অকোন্তুম্‌ আন্‌ আ-ইয়া-তেহী- তাছ্‌তাক্‌বেরূন্‌। অলাক্বাদ্‌ জে'তোমূনা- ফোরা-দা-

আর তাঁহার আয়তগুলি (শ্রবণে সেগুলি) হইতে তকব্বরী (অর্থাৎ অহঙ্কার) করিতে। আর (কেয়ামতদিবসে আমি ইহাদিগকে সম্বোধন করিয়া বলিব যে) নিশ্চয়ই তোমরা আমার নিকটে (অবশেষ) একাকীই আসিয়াছ

كَمَا خَلَقْنٰكُمْ اَوَّلَ مَرَّةٍ وَّتَرَكْتُمْ مَّا خَوَّلْنٰكُمْ وَرَآءَ

কামা- খালাক্‌না-কুম্‌ আওঅলা মার্রাতেঙ্‌ অতারাক্‌তুম্মা- খাওঅল্‌না-কুম্‌ অরা--আ

যদ্রূপ প্রথমবারে আমি তোমাদিগকে (একাকীভাবে) সৃজন করিয়াছিলাম আর তোমরা ছাড়িয়া আসিয়াছ (সেই আসবাবপত্র) যাহা কিছু তোমাদিগকে দিয়াছিলাম তোমাদের

ظُهُوْرِكُمْ ۚ وَمَا نَرٰى مَعَكُمْ شُفَعَآءَكُمُ الَّذِيْنَ زَعَمْتُمْ

জোহুরেকুম্‌, অমা- নারা- মাআকুম্‌ শোফাআ—আকোমোল্‌ লাজীনা জাআম্‌তুম্‌

পৃষ্ঠ-পশ্চাতে, আর আমি তোমাদের সহিত দেখিতেছিনা তোমাদের (সেই) ছোপারেশকারীদিগকে যাহাদিগকে তোমরা মনে করিতে যে

اَنَّهُمْ فِيْكُمْ شُرَكٰٓؤُا ؕ لَقَدْ تَّقَطَّعَ بَيْنَكُمْ وَضَلَّ عَنْكُمْ مَّا كُنْتُمْ

আন্নাহুম্‌ ফীকুম্‌ শোরাকা—ও। লাক্বাদ্‌তাক্বাত্ত্বআ বায়্‌নাকুম্‌ অদ্বল্লা আন্‌কুম্মা- কোন্তুম্‌

নিশ্চয় উহারা তোমাদের মধ্যে (অর্থাৎ তোমাদের সৃষ্টি করিতে ও তোমাদের আহার ইত্যাদি দিতে আল্লার) শরিক, নিশ্চয়ই (এক্ষণ) তোমাদের মধ্যেকার (সমস্ত) সম্বন্ধ ছিন্ন হইয়াছে আর তোমাদের হইতে নিশ্চিহ্ন হইয়া গিয়াছে যে দাবী

৫ ১৯/১৭ রুকূ

تَزْعُمُوْنَ ۝ اِنَّ اللّٰهَ فَالِقُ الْحَبِّ وَالنَّوٰى ؕ يُخْرِجُ الْحَيَّ

তায্‌ওমূন্‌। ৫ ইন্নাল্লা-হা ফা-লেকোল্‌-হাব্বে অন্‌নাঅ-। ইয়্যোখ্‌রেজোল্‌-হায়্‌ইয়া

তোমরা করিতে (তৎসমস্তই)। নিশ্চয় (যে দানা ও আঁটী যাহা মৃত্তিকা মধ্যে ফাটিয়া গিয়া তাহা হইতে চারা বাহির হয়) আল্লাহ্‌-ই (সেই) দানা ও আঁটীর বিদারককারী, (তিনিই) বহির করেন জীবিতকে

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

مِنَ الْمَيِّتِ وَمُخْرِجُ الْمَيِّتِ مِنَ الْحَيِّ ۚ ذَٰلِكُمُ اللَّهُ

মেনাল্-মায়্ইয়্যেতে অমোখ্রেজোল্-মায়্ইয়েতে মেনাল্-হায়্ইয়্যে। জা-লেকোমোল্লা-হো

মৃত হইতে (যথা—ডিম্ব হইতে পক্ষি) আর (তিনিই) জীবিত হইতে মৃতের বহিষ্কারকারী (যথা—পক্ষি হইতে ডিম্ব), (হে লোক !) এই-ই ত তোমাদের আল্লাহ্

فَأَنَّىٰ تُؤْفَكُونَ ۝ فَالِقُ الْإِصْبَاحِ وَجَعَلَ اللَّيْلَ سَكَنًا

ফ-আন্না- তো'ফাকূন্। ফা-লেকোল্-এছ্বাহে, অজাআলাল্ লায়্লা ছাকানাঙ্-

অতএব তোমরা কোথা হইতে ঘুরিয়া চলিয়াছ। (সেই আল্লাহ্-ই) উষাকালীনের (পূর্ব্বাকাশের অন্ধকার) দ্বিফাঁককারী, আর (তিনিই) করিয়াছেন আরামের জন্য রাত

وَالشَّمْسَ وَالْقَمَرَ حُسْبَانًا ۚ ذَٰلِكَ تَقْدِيرُ الْعَزِيزِ الْعَلِيمِ ۝

অশ্শামছা অল্-ক্বামারা হোছবা-না। জা-লেকা তাক্দীরোল আযীযেল আলীম।

এবং (বৎসর ও মাসের) হিসাবের জন্য সূর্য্য ও চন্দ্র সৃজন করিয়াছেন, ইহা (সেই) জবরদস্ত (ও) দানা(খোদা)র নির্দ্দিষ্ট নিয়ম।

وَهُوَ الَّذِي جَعَلَ لَكُمُ النُّجُومَ لِتَهْتَدُوا بِهَا فِي ظُلُمَاتِ الْبَرِّ

অহুঅল্লাজী জাআলা লাকোমোন্-নোজূমা লেতাহ্তাদূ বেহা- ফী জোলোমা-তিল্-বার্রে

আর তিনিই (সর্ব্বশক্তিমান) যিনি তোমাদের জন্য তারকারাজী সৃজন করিয়াছেন যাহাতে তোমরা উহার (গতি) অনুযায়ী চলিতে থাক স্থলপথ

وَالْبَحْرِ ۗ قَدْ فَصَّلْنَا الْآيَاتِ لِقَوْمٍ يَعْلَمُونَ ۝ وَهُوَ الَّذِي

অল্-বাহ্র্। ক্বাদ্ ফাছ্ছাল্না-ল্-আ-য়া-তে লেকাওমেই ইয়া'লামূন। অহুওল্লাজী--

ও জলপথের অন্ধকারে (অর্থাৎ স্থলপথ ও জলপথের বিপদগুলিকে এড়াইয়া), নিশ্চয় সেই লোকদিগের জন্য আমি (আমার মহিমার) নিদর্শনগুলি বিস্তারিতভাবে বর্ণনা করিয়াছি যাহারা জ্ঞানী। আর তিনিই (সর্ব্বশক্তিমান) যিনি

أَنْشَأَكُمْ مِنْ نَفْسٍ وَاحِدَةٍ فَمُسْتَقَرٌّ وَمُسْتَوْدَعٌ ۗ

আন্শাআ কুম্ মেন্ নাফ্ছেঙ অ-হেদাতেন্ ফামোছ্তাক্বার্রোঙ অমোছ্তাওদাও।

সৃজন করিয়াছেন তোমাদের সকলকে একজন (অর্থাৎ আদম) হইতে অপিচ (প্রত্যেক ব্যক্তির জন্য) সময় নির্দ্দিষ্ট রহিয়াছে (যে সেই সময় পর্য্যন্ত দুনিয়ায় অবস্থান করিবে) আর (মৃত অন্তে) সঁপিত হওয়ার স্থান (অর্থাৎ দফন হওয়ার স্থান নির্দ্দিষ্ট রহিয়াছে),

---

قَدْ فَصَّلْنَا الْآيَاتِ لِقَوْمٍ يَفْقَهُونَ ۝ وَهُوَ الَّذِي أَنْزَلَ

ক্বাদ্ ফাছ্ছাল্নাল্আয়্যা-তে লেকাওমেই ইয়াফক্বাহূন। অহুওয়াল্লজী আন্যালা

নিশ্চয় আমি (আমার মহিমার) নিদর্শনাবলী বিস্তারিতভাবে বর্ণনা করিয়াছি সেই লোকদিগের জন্য যাহারা (কথা) বুঝে। আর তিনিই (সর্ব্বশক্তিমান) যিনি বর্ষাইয়াছেন

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

مِنَ السَّمَاءِ مَاءً فَأَخْرَجْنَا بِهِ نَبَاتَ كُلِّ شَيْءٍ فَأَخْرَجْنَا

মেনাছ্ছামা—এ মা—আন্, ফা-আখ্‌রাজ্‌না- বেহী- নাবা-তা কুল্লে শায়্‌এন্ ফাআখরাজ্‌না-

আকাশ হইতে পানি, অনন্তর (অর্থাৎ পানি বর্ষাইবার পর) আমি(ই) উহা দ্বারা (অর্থাৎ সেই পানি দ্বারা) প্রত্যেক প্রকার (উদ্ভিদের) অঙ্কুর বাহির করিয়াছি (২৫) তৎপর আমিই তাহা হইতে

مِنْهُ خَضِرًا نُّخْرِجُ مِنْهُ حَبًّا مُّتَرَاكِبًا وَمِنَ النَّخْلِ

মেন্‌হো খাদ্বেরান্ নোখ্‌রেজো মেন্‌হো হাব্বাম্ মোতারা-কেবান্, অমেনান্-নাখ্‌লে

সব্জি (পাতা) বাহির করিয়া আমি(ই) তাহা হইতে উৎপাদন করি থলিযুক্ত ফল আর খেজুরের আভ্যন্তরীণ ভাগ হইতে

مِن طَلْعِهَا قِنْوَانٌ دَانِيَةٌ وَجَنَّاتٍ مِّنْ أَعْنَابٍ

মেন্ ত্বাল্‌এহা- ক্বেন্‌অ-নোন্ দা-নেইয়্যাতোঙ্ অজান্না-তেম্ মেন্ আ'না-বেঙ্

উহার থোল যাহা (ভারের জন্য) ঝুকিয়া পড়ে, এবং আঙ্গুরের বাগান

وَالزَّيْتُونَ وَالرُّمَّانَ مُشْتَبِهًا وَغَيْرَ مُتَشَابِهٍ انظُرُوا

অয যায়্‌তুনা অর্রোম্মা-না মোশ্‌তাবেহাঙ্ অগায়্‌রা মোতাশা-বেহ্। ওন্‌জোরূ

আর জয়তুন ও আনার (দাড়িম্ব) একে অন্যেরই মত অথচ (আস্বাদের দিক দিয়া) সাদৃশ নহে, (২৬) তোমরা (মনোনিবেশ সহকারে) লক্ষ কর

إِلَىٰ ثَمَرِهِ إِذَا أَثْمَرَ وَيَنْعِهِ إِنَّ فِي ذَٰلِكُمْ

এলা- সামারেহী— এজা— আস্‌মারা অ ইয়্যান্‌এহ্। ইন্না ফী জা-লেকুম্

ইহার ফলের দিকে যখন (ইহা) ফলিয়া যায় আর (লক্ষ্য কর) ইহার পক্কতার দিকে (যখন ইহা পাকিয়া যায়), এসমুদয়ের মধ্যে

لَآيَاتٍ لِّقَوْمٍ يُؤْمِنُونَ ۝ وَجَعَلُوا لِلَّهِ شُرَكَاءَ الْجِنَّ

লাআ-ইয়্যা-তিল্ লেক্বাওমেঁই ইয়োে'মেনূন্। অজাআলূ লিল্লা-হে শোরাকা—আল্-জেন্না

নিশ্চয় (আল্লার মহিমারাজির) বহু নিদর্শন রহিয়াছে (আল্লার প্রতি) বিশ্বাসীদিগের জন্য। আর মোশ্‌রেকগণ জেনকে খোদার শরিক বানাইয়া লইয়াছে

وَخَلَقَهُمْ وَخَرَقُوا لَهُ بَنِينَ وَبَنَاتٍ بِغَيْرِ عِلْمٍ سُبْحَانَهُ

অখালাক্বাহুম্ অখারাক্বূ লাহূ বানীনা অবানা-তেম্ বেগায়্‌রে এল্‌ম্। ছোব্‌হা-নাহূ

অথচ আল্লাহ্ জেন জাতিকে সৃজন করিয়াছেন আর ইহারা স্থির করিয়া লইয়াছে (নিজেদের পক্ষ হইতে) আল্লার জন্য না জানা (না বুঝা) সত্ত্বে পুত্র ও কন্যা, তিনি পবিত্র

---

(২৫) দানা হইতে যে বস্তু সর্ব্বপ্রথম পরিস্ফুট হয়, তাহাকে অঙ্কুর বলে।

৪৪ (২৬) মর্ম্ম এই যে, 'জয়তুন' ও 'দাড়িম্ব' ফল দেখিতে একই আকৃতির, কিন্তু উভয়ের আস্বাদ ভিন্ন ভিন্ন।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

ع ১২/১৮ রুকু

وَتَعٰلٰى عَمَّا يَصِفُوْنَ ۝ بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ط اَنّٰى

অতাআ-লা আম্মা- ইয়্যাছেফুন্। ع বাদীওছ্- ছামা-অ-তে অল্-আর্‌দ্ব্। আন্না-
এবং তাহার উর্দ্ধে (আল্লার সম্বন্ধে ইহারা) যদ্রূপ যদ্রূপ বলিয়া থাকে) (তিনি) আকাশ ও ভূমণ্ডলের নবসৃজনকারী, কি প্রকারে

يَكُوْنُ لَهٗ وَلَدٌ وَّلَمْ تَكُنْ لَّهٗ صَاحِبَةٌ ط وَخَلَقَ كُلَّ شَيْءٍ ج

ইয়্যাকূনো লাহূ অলাদোঙ্ অলাম্ তাকোঁল্লাহূ ছা-হেবাহ্। অখালাকা কুল্লা শায়্‌এন্,
তাঁহার সন্তান (থাকে) সম্ভব যখন তাঁহার (কোন) ভার্য্যাই ছিল না, আর তিনিই সমুদয় বস্তু সৃজন করিয়াছেন

وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيْمٌ ۝ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ ج لَآ اِلٰهَ

অহুঅ বেকুল্লে শায়্‌এন্ আলীম্। জা-লেকোমোল্লা-হো রাব্বোকুম্, লা— এলা-হা
আর তিনি সকল বস্তু(র অবস্থা বিষয়ে) জ্ঞাত আছেন। (হে লোক সকল!) এই আল্লাহ্-ই তোমাদের প্রতিপালক, তাঁহার ছাড়া কেহ

اِلَّا هُوَ ج خَالِقُ كُلِّ شَيْءٍ فَاعْبُدُوْهُ ج وَهُوَ عَلٰى كُلِّ

ইল্লা- হুঅ, খা-লেকো কুল্লে শায়্‌এন্ ফা'বোদূহো, অহুঅ আলা- কুল্লে
(অন্য) মা'বুদ নাই, (তিনিই) সমুদয় বস্তুর সৃজনকারী অতএব (তোমরা) তাঁহারই এবাদৎ কর, আর তিনিই প্রত্যেক

شَيْءٍ وَّكِيْلٌ ۝ لَا تُدْرِكُهُ الْاَبْصَارُ ز وَهُوَ يُدْرِكُ الْاَبْصَارَ ج

শায়্‌এঙ্-অকীল্। লা- তোদ্‌রেকোহোল্- আব্‌ছা-রো, অহুঅ ইয়োদ্‌রেকোল্ আব্‌ছা-রা
বস্তুর প্রহরী। (জীবজগতের) চক্ষুগুলি তাঁহার বোধ করিতে পারে না, অথচ তিনি (কিন্তু) বিশেষরূপই জানেন (জীব-জগতের) দৃষ্টিসমূহকে,

وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ ۝ قَدْ جَآءَكُمْ بَصَآئِرُ مِنْ رَّبِّكُمْ ج فَمَنْ

অ হুঅল-লাত্বীফোল্-খাবীর্। ক্বাদ্ জা—আকুম্ বাছা—এরো মেররাব্বেকুম্, ফামান্
আর তিনি সূক্ষ্মদর্শী (এবং) তত্ত্বজ্ঞ। (২৭) (হে মানব!) তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে ত তোমাদের নিকট অন্তচক্ষু আসিয়াই গিয়াছে, অতএব (এক্ষণ) যে কেহ

اَبْصَرَ فَلِنَفْسِهٖ ج وَمَنْ عَمِيَ فَعَلَيْهَا ط وَمَآ اَنَا عَلَيْكُمْ

আব্‌ছারা ফালেনাফ্‌ছেহী-, অমান্ আমেইয়্যা ফাআলায়্‌হা-। অমা— আনা- আলায়্‌কুম্
দেখিবে (ও বুঝিবে) তবে তাহার উপকার তাহার (আত্মারই)ই প্রতি, আর যে কেহ (দেখা ও জানা সত্ত্বেও) অন্ধ সাজিবে তবে (তজ্জনিত ক্ষতি) তাহারই (আত্মার) প্রতি, আর (হে রছুল! ইহাদিগকে বল যে) আমি ত তোমাদের

(২৭) এস্থলে মর্ম্ম এই যে, আল্লাহ্ ত চক্ষে দেখিবার মত বস্তু নহেন; কিন্তু তিনি লোকদিগের চক্ষু দর্শন করিয়া থাকেন। অর্থাৎ মানুষের কোনও কার্য্য যদ্রূপ তাঁহার নিকট গোপন নহে, তদ্রূপ মানুষের দর্শনও তাঁহার জ্ঞানবহির্ভূত নহে।

CC-0. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

بِحَفِيظٍ ۝ وَكَذَٰلِكَ نُصَرِّفُ الْآيَاتِ وَلِيَقُولُوا دَرَسْتَ

বেহাফীজ্। অকাজ্জা-লেকা নোছার্‌রেফোল্- আ-ইয়্যা-তে অলেইয়্যাকুলু দারাছ্‌তা

রক্ষক নহি। (২৮) আর এইরূপ আমি (আমার) আয়তগুলি (ভিন্ন ভিন্ন প্রকারে) ঘুরাইয়া ঘুরাইয়া বর্ণনা করিতেছি যাহাতে মোন্‌কেরদিগের হুজ্জৎ সমাপ্ত হইয়া যায় (অর্থাৎ যাহাতে ইহারা বলিতে বাধ্য হয় যে, হে মোহাম্মদ! তুমি আমাদিগকে কোরআন পড়িয়া শুনাইয়াছ ও বুঝাইয়াছ)

وَلِنُبَيِّنَهُ لِقَوْمٍ يَعْلَمُونَ ۝ اتَّبِعْ مَا أُوحِيَ إِلَيْكَ

অলেনোবায়ইয়েনাহু লেক্বাওমেঁই ইয়্যা'লামূন। এত্তা'বে মা— উ-হেইয়্যা এলায়্‌কা

আর যাহাতে আমি তাহাদিগকে কোরআন(এর মর্ম) বিশেষরূপে বুঝাইয়া দিই যাহারা জ্ঞান রাখে। (হে পয়গাম্বর! তুমি) তাহারই (হেদাএতের) উপর চলিও যাহা (যে কোরআন) তোমার দিকে অহী (দ্বারা প্রেরণ) করা হইয়াছে

مِنْ رَبِّكَ ۚ لَا إِلَٰهَ إِلَّا هُوَ ۚ وَأَعْرِضْ عَنِ الْمُشْرِكِينَ ۝ وَلَوْ

মের্‌রাব্বেকা, লা— এলা-হা ইল্লা-হুঅ, অ আ'রেদ্ আনেল্-মোশ্‌রেকীন্। অলাও

তোমার প্রতিপালকের নিকট হইতে, তাঁহার ছাড়া কেহই মা'বুদ নাই, আর (তুমি) মোশ্‌রেকদিগের হইতে পৃথক থাকিও। আর যদি

شَاءَ اللَّهُ مَا أَشْرَكُوا ۗ وَمَا جَعَلْنَاكَ عَلَيْهِمْ حَفِيظًا ۚ وَمَا

শা—আল্লা-হো মা— আশ্‌রাকু। অমা- জ্বাআল্‌না-কা আলায়্‌হিম্ হাফীজান্, অমা—

আল্লাহ্ ইচ্ছা করিতেন (তবে) ইহারা শের্ক করিত না, আর (হে মোহাম্মদ!) আমি তোমাকে ইহাদের প্রতি প্রহরী (নিযুক্ত) করি নাই, আর নও

أَنْتَ عَلَيْهِمْ بِوَكِيلٍ ۝ وَلَا تَسُبُّوا الَّذِينَ يَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ

আন্তা আলায়্‌হিম্ বেঅকীল্। অলা- তাছোব্বোল্লাজীনা ইয়্যাদ্‌উনা মেন্ দুনিল্লা-হে

তুমি ইহাদের উপর উকীল (যে, ইহাদিগকে গোমরাহ্ হইতে দিবে না)। আর (মুছলমানগণ! তোমরা) মন্দ বলিও না (তাহাদিগকে) যাহাদিগকে আল্লার ছাড়া (নিজেদের দরকার মিটাইবার জন্য) ডাকিয়া থাকে (অর্থাৎ যাহাদের পূজা পাঠ করে)

فَيَسُبُّوا اللَّهَ عَدْوًا بِغَيْرِ عِلْمٍ ۗ كَذَٰلِكَ زَيَّنَّا لِكُلِّ

ফাইয়্যাছোব্বোল্লা-হা আদ্‌অম্-বেগায়্‌রে এল্‌ম্। কাজা-লেকা যায়্‌ইয়্যান্না লেকুল্লে

কারণ (তাহা হইলে) মুর্খতার জন্য তাহার (ও) আল্লাহ্‌কে বেশী মন্দ বলিয়া বসিবে, এইরূপ আমি শোভনীয় করিয়া দেখাইয়াছি প্রত্যেক

---

(২৮) "অস্থচক্ষু" অর্থে—কোরআনের আয়াত। কারণ, কোরআনের আয়তসমূহের পাঠ ও জ্ঞান দ্বারা মা'রেফৎ অর্থাৎ খোদা-তত্ত্বজ্ঞান লাভ হয়।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

أُمَّةٍ عَمَلَهُمْ ثُمَّ إِلَىٰ رَبِّهِم مَّرْجِعُهُمْ فَيُنَبِّئُهُم

ওম্মাতেন্ আমালাহুম্, সুম্মা এলা- রাব্বেহিম্ মার্জেরোহুম্ ফাইয়োনাব্বেয়োহুম্
সম্প্রদায়ের আমল তাহাদিগকে, তৎপর (অবশেষ) তাহাদের (সকল)কে তাহাদের প্রতিপালকের দিকে প্রত্যাবর্ত্তন করিতে হইবে অতঃপর (আল্লাহ্) তাহাদিগকে জানাইয়া দিবেন

بِمَا كَانُوا يَعْمَلُونَ ۝ وَأَقْسَمُوا بِاللَّهِ جَهْدَ أَيْمَانِهِمْ لَئِن

বেমা- কা-নূ ইয়্যা'মালূন্। অ আক্ছামূ বিল্লা-হে জাহ্দা আয়্মা-নেহিম্ লাএন্
(দুনিয়ায় তাহারা) যেরূপ যেরূপ কার্য্য করিত। আর (মক্কার কাফেরগণ) আল্লার (ভয়ঙ্কর) কঠিন কছম খাইয়া (মুছলমানদিগকে) বলিতেছে যদি

جَاءَتْهُمْ آيَةٌ لَّيُؤْمِنُنَّ بِهَا ۚ قُلْ إِنَّمَا الْآيَاتُ

জা—আৎহুম্ আ-ইয়্যাতোল্ লাইয়্যা'মেনো-ন্না বেহা-, কোল্ ইন্নামাল্-আ-ইয়্যা-তো
(তাহাদের অভিপ্রায় মত) কোন মো'জেযাহ্ তাহাদের সম্মুখে আইসে তবে নিশ্চয় তাহারা তৎপ্রতি ঈমান আনিবে, (হে মোহাম্মদ! তুমি) বল যে মো'জেযাহ্ ত

عِندَ اللَّهِ ۖ وَمَا يُشْعِرُكُمْ أَنَّهَا إِذَا جَاءَتْ لَا يُؤْمِنُونَ ۝

এন্দাল্লা-হে অমা- ইয়োশ্এরোকুম্ আন্নাহা— এজা- জা—আৎ লা- ইয়ো-মেনূন্।
আল্লারই নিকট (অর্থাৎ আল্লারই ক্ষমতাধীনে) রহিয়াছে আর (মুছলমানগণ!) তোমরা কি জানিবে ইহারা ত মো'জেযাহ্ আসিলেও ঈমান আনিবে না।

وَنُقَلِّبُ أَفْئِدَتَهُمْ وَأَبْصَارَهُمْ كَمَا لَمْ يُؤْمِنُوا بِهِ

অ নোকাল্লেবো আফ্এদাতাহুম্ অ আব্ছা-রাহুম্ কামা- লাম্ ইয়ো'মেনূ বেহী—
আর আমি (যদি) ইহাদের অন্তঃকরণগুলি ও ইহাদের চক্ষুগুলি উল্টাইয়া দিই (তদ্রূপ মো'জেযাহ্ দেখিয়াও ঈমান আনিবে না) যদ্রূপ ঈমান আনে নাই কোরআনের প্রতি

أَوَّلَ مَرَّةٍ وَنَذَرُهُمْ فِي طُغْيَانِهِمْ يَعْمَهُونَ ۝

আও্অলা মার্রাতেঙ্ অ নাজারোহুম্ ফী তোগ্ইয়্যা-নেহিম্ ইয়্যা'মাহূন্। ع ১৩/১৯ রুকু
প্রথমবার (২৯) আর আমি ছাড়িয়া দিব ইহাদিগকে ইহাদের ছেরকশীর (অবস্থার) মধ্যে যে পড়িয়া পড়িয়া কু-প্রেরণা প্রাপ্ত হইতে থাকুক।

---

(২৯) মতি বিকৃতি ঘটিলে সোজা কথা বুঝে আসে না, আর চোখ উল্‌টিয়া গেলে তখন ত কিছুই দেখিতে পায় না। এমতাবস্থায় ইহাদের ফরমাএশী মো'জেযাহ হউক বা না হউক উভয়, একই সমান।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

পরিশিষ্ট

৭ম পারা—অএজা ছামেউ

সূচী-পত্র

বিষয়— পৃষ্ঠা

১। পরিপক্ক কছম ভঙ্গের কাফ্ফারা কোন্ কোন্ অবস্থায় কি কি ?—
ছুরা—মাএদাহ, ১২শ রুকু, ৩য় আয়ত, ... ৩১৯
"লা- ইয়্যোআ-খেজোকোমোল্লা-হো" হইতে আয়তের শেষ পর্য্যন্ত।

২। মদ্য, জুয়া, ঠাকুরের থান এবং 'ফাল'-এ অসক্তগণের নাজাত নাই—
ঐ ছুরা, ঐ রুকু, ৪র্থ ও ৫ম আয়ত, ... ৩২০
"ইয়্যা-আয়্ইয়্যোহাল্লাজীনা আ-মানূ ইন্নামাল্-খাম্রো" হইতে ৫ম আয়তের শেষ পর্য্যন্ত।

৩। "এহ্রাম" অবস্থায় শিকার করা জায়েজ নহে—
ঐ ছুরা, ১৩শ রুকু, ২য় আয়ত, ... ৩২২
"ইয়্যা-আয়্ইয়্যোহাল্লাজীনা আ-মানূ লা- তাক্তোলোছ্-ছায়্দা" হইতে আয়তের শেষ পর্য্যন্ত।

৪। শরিয়তে-এছলামে "বহুল প্রশ্ন" না-জায়েজ—
ঐ ছুরা, ১৪শ রুকু, ১ম আয়ত, ... ৩২৪
"ইয়্যা-আয়্ইয়্যোহাল্লাজীনা আ-মানূ লা- তাছ্আলূ" হইতে শুরু।

৫। মৃত্যুকালীন অছীয়ত সম্বন্ধে সাক্ষী নিযুক্তির নিয়ম—
ঐ ছুরা, ঐ রুকু, ৬ষ্ঠ আয়ত, ... ৩২৬
"ইয়্যা-আয়্ইয়্যোহাল্লাজীনা আ- মানূ শাহা-দাতো বায়্নেকুম" হইতে শুরু।

৬। হজরত ঈছা (আলাঃ)-এর কারামত—
ঐ ছুরা, ১৫শ রুকু, ২য় ও ৩য় আয়ত, ... ৩২৮
"অএজ্ ক্বা-লাল্লা-হো ইয়্যা- ঈছাব্না মার্য়্যামাজ্কোর্" হইতে ৩য় আয়তের শেষ পর্য্যন্ত।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

বিষয়— পৃষ্ঠা

৭। খৃষ্টান সমাজের হজরত ঈছাকে খোদামান্যের দাবী হজরত ঈছারই উক্তিমতে মিথ্যা—
ঐ ছুরা, ১৬শ রুকু, ১ম, ২য় ও ৩য় আয়ত, ... ৩৩১
"অএজ্ ক্বা-লাল্লা-হো ইয়্যা- ঈছাব্‌না মার্‌য়্যামা আ-আন্তা ক্বোল্‌তা" হইতে ৩য় আয়তের শেষ পর্য্যন্ত।

৮। বর্ব্বর শক্তির প্রতি সাবধান-বাণী—
ছুরা—আন্‌আ-ম ১ম রুকু, ৭ম আয়ত, ... ৩৩৪
"আলাম্ ইয়্যারাও, কাম্ আহ্‌লাক্‌না-" হইতে শুরু।

৯। সুখ দুঃখের মালিক আল্লাহ্-ই—
ঐ ছুরা, ২য় রুকু, ৬ষ্ঠ আয়ত, ... ৩৩৭
"অএঁই ইয়্যামছাছকাল্লা-হো" হইতে আয়তের শেষ পর্য্যন্ত।

১০। য়িহুদী ও খৃষ্টান সমাজ শেষ নবীর নবুয়ত অস্বীকার করিতে স্ব স্ব ধর্ম্মগ্রন্থের উল্টা অর্থ গ্রহণ করে—
ঐ ছুরা, ঐ রুকু, ৯ম আয়ত, ... ৩৩৮
"আল্‌লাজীনা আ-তায়না-হোমোল্ কেতা-বা" হইতে আয়তের শেষ পর্য্যন্ত।

১১। জীব মাত্রই খোদার সমীপে উপস্থিত হইবে—
ঐ ছুরা, ৪র্থ রুকু, ৮ম আয়ত, ... ৩৪৩
"অমা-মেন্ দাববাতেন্ ফিল্ আর্‌দ্বে" হইতে আয়তের শেষ পর্য্যন্ত।

১২। গুপ্ততত্ত্ব পয়গাম্বর জানিতেন না ;—কাহারও জানা সম্ভব নহে—
ঐ ছুরা, ৫ম রুকু, ৯ম আয়ত, ... ৩৪৭
"ক্বোল্ লা- আক্বূলো লাকুম্" হইতে আয়তের শেষ পর্য্যন্ত।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha